

# অধ্যায়-১৩: ঘন জ্যামিতি

**প্রশ্ন ১** একটি নিরেট ধাতব সমবৃত্তভূমিক কোণকের উচ্চতা ৪ সে.মি., ভূমির ব্যাসার্ধ ৬ সে.মি। উক্ত কোণককে গলিয়ে ৪ সে.মি. ব্যাসের কয়েকটি নিরেট গোলক প্রস্তুত করা হল। [স. বো. ১৭]

- ক. প্রতিটি গোলকের পৃষ্ঠতলের ক্ষেত্রফল নির্ণয় কর। ২  
খ. কোণকটির সমগ্রতলের ক্ষেত্রফল নির্ণয় কর। ৪  
গ. কয়টি নিরেট গোলক তৈরি করা যাবে নির্ণয় কর। ৪

## ১ নং প্রশ্নের সমাধান

**ক** দেওয়া আছে, গোলকের ব্যাস = ৪ সে.মি.  
∴ গোলকের ব্যাসার্ধ,  $R = \frac{4}{2}$  সে.মি. = ২ সে.মি.  
∴ গোলকের পৃষ্ঠতলের ক্ষেত্রফল =  $4\pi R^2$  বর্গ একক  
=  $4 \times 3.1416 \times 2^2$  বর্গ সে.মি.  
= 50.27 বর্গ সে.মি. (প্রায়) (Ans.)

**খ** দেওয়া আছে, সমবৃত্তভূমিক কোণকের ব্যাসার্ধ,  $r = 6$  সে.মি. এবং উচ্চতা,  $h = 8$  সে.মি.  
∴ হেলানো উচ্চতা,  $l = \sqrt{h^2 + r^2} = \sqrt{8^2 + 6^2}$  সে.মি.  
=  $\sqrt{100}$  সে.মি. = 10 সে.মি.  
∴ কোণকের সমগ্রতলের ক্ষেত্রফল =  $\pi r (l + r)$  বর্গ একক  
=  $3.1416 \times 6(10 + 6)$  বর্গ সে.মি.  
= 301.5936 বর্গ সে.মি. (প্রায়) (Ans.)

**গ** কোণকের আয়তন =  $\frac{1}{3} \pi r^2 h$  ঘন একক =  $\frac{1}{3} \times \pi \times 6^2 \times 8$  ঘন সে.মি.  
= 96 $\pi$  ঘন সে.মি.

নিরেট গোলকের আয়তন =  $\frac{4}{3} \pi R^3$  ঘন একক  
=  $\frac{4}{3} \times \pi \times 2^3$  ঘন সে.মি. [□  $R = 2$  সে.মি.]  
=  $\frac{32\pi}{3}$  ঘন সে.মি.


ধরি, কোণকটি গলিয়ে  $n$  সংখ্যক গোলক তৈরি করা যাবে।

প্রশ্নমতে,  $96\pi = n \left( \frac{32\pi}{3} \right)$

বা,  $n = \frac{96\pi \times 3}{32\pi}$

∴  $n = 9$ টি (Ans.)

## প্রশ্ন ২




$\Delta PQR$  এর  $\angle R$  একটি সূক্ষ্মকোণ এবং  $PD \perp QR$ . [স. বো. ১৬]

- ক. ত্রিভুজের পরিকেন্দ্র ও ভরকেন্দ্র বলতে কী বোঝ? ২  
খ. উদ্দীপকের আলোকে প্রমাণ কর যে,  $PQ^2 + 2QR \cdot DR = PR^2 + QR^2$ . ৪  
গ.  $DR = 6$  cm,  $PD = 4$  cm হলে,  $DR$  ও  $PD$  কে একটি আয়তক্ষেত্রের যথাক্রমে দৈর্ঘ্য ও প্রস্থ ধরে ঐ আয়তক্ষেত্রকে  $DR$  বাহুর সাপেক্ষে একবার ঘোরালে উৎপন্ন ঘনবস্তুর সমগ্রতলের ক্ষেত্রফল ও আয়তন নির্ণয় কর। ৪

## ২ নং প্রশ্নের সমাধান

**ক** ত্রিভুজের পরিকেন্দ্র : ত্রিভুজের যেকোনো দুই বাহুর লম্ব সমদ্বিখণ্ডক যে বিন্দুতে ছেদ করে তাকে ত্রিভুজের পরিকেন্দ্র বলে।  
ত্রিভুজের ভরকেন্দ্র : ত্রিভুজের মধ্যমাগুলো যে বিন্দুতে ছেদ করে ঐ বিন্দুকে ত্রিভুজটির ভরকেন্দ্র বলা হয়।

## খ



**বিশেষ নির্বচন:** এখানে,  $\Delta PQR$  এর  $\angle R$  একটি সূক্ষ্মকোণ,  $PD \perp QR$  এবং  $\angle R$  এর বিপরীত বাহু  $PQ$ , অপর দুই বাহু যথাক্রমে  $QR$  ও  $PR$ । প্রমাণ করতে হবে যে,  $PQ^2 + 2QR \cdot DR = PR^2 + QR^2$ .

**প্রমাণ:**  $\Delta PQD$  এ  $\angle PDQ =$  এক সমকোণ  
∴  $PQ^2 = PD^2 + QD^2 \dots \dots$  (i) [পীথাগোরাসের উপপাদ্য]

আবার,  $\Delta PDR$  এ  $\angle PDR =$  এক সমকোণ

∴  $PR^2 = PD^2 + DR^2 \dots \dots \dots$  (ii)

কিন্তু,  $QD = QR - DR$

(i) নং সমীকরণ হতে পাই,

$PQ^2 = PD^2 + (QR - DR)^2$   
=  $PD^2 + QR^2 + DR^2 - 2QR \cdot DR$   
=  $(PD^2 + DR^2) + QR^2 - 2QR \cdot DR$   
=  $PR^2 + QR^2 - 2QR \cdot DR$  [(ii) নং থেকে]


∴  $PQ^2 + 2QR \cdot DR = PR^2 + QR^2$  (প্রমাণিত)

## গ


দেওয়া আছে,  
 $DR = 6$  সে.মি.  
 $PD = 4$  সে.মি.

এখন,  $DR$  ও  $PD$  কে একটি আয়তক্ষেত্রের যথাক্রমে দৈর্ঘ্য ও প্রস্থ ধরে ঐ আয়তক্ষেত্রকে  $DR$  বাহুর সাপেক্ষে একবার ঘোরালে একটি সমবৃত্তভূমিক সিলিন্ডার উৎপন্ন হয় যার ব্যাসার্ধ,  $r = PD = 4$  সে.মি. এবং উচ্চতা,  $h = DR = 6$  সে.মি.

আমরা জানি,  
সিলিন্ডারের সমগ্রতলের ক্ষেত্রফল  
=  $2\pi r (r + h)$  বর্গ একক  
=  $2 \times 3.1416 \times 4(4 + 6)$  বর্গ সে.মি.  
= 251.33 বর্গ সে.মি. (প্রায়) (Ans.)  
এবং সিলিন্ডারের আয়তন =  $\pi r^2 h$  ঘন একক  
=  $3.1416 \times 4^2 \times 6$  ঘন সে.মি.  
= 301.59 ঘন সে.মি. (প্রায়) (Ans.)



## প্রশ্ন ৩



[সি. বো. ১৭]

- ক. সিলিন্ডারের ভূমির ক্ষেত্রফল নির্ণয় কর। ২  
খ. সিলিন্ডারের বক্রতলের ক্ষেত্রফল এবং সমগ্রতলের ক্ষেত্রফল নির্ণয় কর। ৪  
গ. একটি গোলক আকৃতির বল সিলিন্ডারের ভেতর ঠিকভাবে এঁটে যায়। সিলিন্ডারের অনধিকৃত অংশের আয়তন নির্ণয় কর। ৪

## ৩ নং প্রশ্নের সমাধান

**ক** দেওয়া আছে, সিলিন্ডারের ভূমির ব্যাসার্ধ,  $r = 5$  সে.মি.

∴ সিলিন্ডারের ভূমির ক্ষেত্রফল =  $\pi r^2$  বর্গ একক  
=  $3.1416 \times 5^2$  বর্গ সে.মি.  
= 78.54 বর্গ সে.মি. (প্রায়) (Ans.)

## খ

দেওয়া আছে, সিলিন্ডারের ব্যাসার্ধ,  $r = 5$  সে.মি. এবং উচ্চতা,  $h = 10$  সে.মি.

∴ সিলিন্ডারের বক্রতলের ক্ষেত্রফল =  $2\pi r h$  বর্গ একক  
=  $2 \times 3.1416 \times 5 \times 10$  বর্গ সে.মি.  
= 314.16 বর্গ সে.মি. (প্রায়) (Ans.)


সিলিন্ডারের সমগ্রতলের ক্ষেত্রফল =  $2\pi r (r + h)$  বর্গ একক  
=  $2 \times 3.1416 \times 5(5 + 10)$  বর্গ সে.মি.  
= 471.24 বর্গ সে.মি. (প্রায়) (Ans.)

গ সিলিন্ডারের আয়তন  $= \pi r^2 h$  ঘন একক  
 $= 3.1416 \times 5^2 \times 10$  ঘন সে.মি. [  $r = 5$  সে.মি. এবং  $h = 10$  সে.মি. ]  
 $= 785.4$  ঘন সে.মি. (প্রায়)  
যেহেতু গোলক আকৃতির বলটি সিলিন্ডারের ভিতর ঠিকভাবে এটে যায়,  
তাই গোলকের ব্যাসার্ধ হবে সিলিন্ডারের ব্যাসার্ধের সমান।  
 $\therefore$  গোলকের ব্যাসার্ধ,  $R = 5$  সে.মি.।  
 $\therefore$  গোলকের আয়তন  $= \frac{4}{3} \pi R^3$  ঘন একক  
 $= \frac{4}{3} \times 3.1416 \times 5^3$  ঘন সে.মি.  $= 523.6$  ঘন সে.মি. (প্রায়)  
 $\therefore$  সিলিন্ডারের অনধিকৃত অংশের আয়তন  
 $= (785.4 - 523.6)$  ঘন সে.মি.  
 $= 261.8$  ঘন সে.মি. (প্রায়) (Ans.)

প্রশ্ন 8 A(2, -3), B(7, -3) এবং C(2, 3) [দি. বো. ১৬]  
ক. BC রেখার ঢাল নির্ণয় কর। ২  
খ. বিন্দুদ্বয় ছক কাগজে স্থাপন কর এবং প্রমাণ কর যে, এরা একটি সমকোণী ত্রিভুজের শীর্ষবিন্দু। ৪  
গ. AB কে অক্ষ ধরে  $\triangle ABC$  কে একপাক ঘোরালে যে ঘনবস্ত্র উৎপন্ন হয় তার সমগ্র তলের ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

৪ নং প্রশ্নের সমাধান


ক দেওয়া আছে, B(7, -3) এবং C(2, 3)  
 $\therefore$  BC রেখার ঢাল  $= \frac{-3-3}{7-2} = \frac{-6}{5}$  (Ans.)



ছক কাগজে XOY' কে x অক্ষ এবং YOY' কে y অক্ষ এবং O মূলবিন্দু ধরে A(2, -3), B(7, -3) ও C(2, 3) বিন্দুগুলো স্থাপন করি। পেন্সিল দিয়ে AB, AC ও BC যোগ করি। তাহলে ABC একটি ত্রিভুজ উৎপন্ন হয়।


এখানে,  $AB = \sqrt{(7-2)^2 + \{-3-(-3)\}^2} = \sqrt{5^2 + 0^2} = 5$   
 $\therefore AB^2 = 25$   
 $BC = \sqrt{(7-2)^2 + \{-3-3\}^2} = \sqrt{5^2 + (-6)^2} = \sqrt{25 + 36} = \sqrt{61}$   
 $\therefore BC^2 = 61$   
এবং  $AC = \sqrt{(2-2)^2 + \{-3-3\}^2} = \sqrt{0^2 + (-6)^2} = \sqrt{36} = 6$   
 $\therefore AC^2 = 36$   
 $\therefore AB^2 + AC^2 = 25 + 36 = 61 = BC^2$   
 $\therefore AB^2 + AC^2 = BC^2$   
 $\therefore \triangle ABC$  একটি সমকোণী ত্রিভুজ যার  $\angle A = 90^\circ$ ।  
A (2, -3), B (7, -3) এবং C(2, 3) বিন্দুগুলো একটি সমকোণী ত্রিভুজের শীর্ষবিন্দু। (প্রমাণিত)

গ 'খ' থেকে পাই,  $AB = 5$   
 $BC = \sqrt{61}$  এবং  $AC = 6$



চিত্রে AB কে অক্ষ ধরে  $\triangle ABC$  কে একপাক ঘোরানোর ফলে BCD সমবৃত্তভূমিক কোণক উৎপন্ন হয়েছে। যার উচ্চতা  $AB = h = 5$  একক। ভূমির ব্যাসার্ধ,  $AC = r = 6$  একক এবং হেলানো উচ্চতা  $BC = l = \sqrt{61}$  একক  
 $\therefore$  সমগ্রতলের ক্ষেত্রফল  $= \pi r (r + l)$  বর্গ একক  
 $= 3.1416 \times 6 (6 + \sqrt{61})$   
 $= 260.32$  বর্গ একক (প্রায়) (Ans.)

প্রশ্ন ৫




চিত্রে  $PR = 10$  সে.মি. এবং  $QS = 8$  সে.মি. [ক্. বো. ১৭]  
ক. প্রদত্ত চিত্র কোন উপপাদ্যকে সমর্থন করে? উপপাদ্যটি লিখ। ২  
খ. প্রমাণ কর যে,  $PR \cdot QS = PQ \cdot RS + PS \cdot QR$ . ৪  
গ. PR এবং QS দুইটি ঘনকের ধারের দৈর্ঘ্য হলে, তাদের ক্ষেত্রফলের অনুপাত নির্ণয় কর। ৪

৫ নং প্রশ্নের সমাধান

ক প্রদত্ত চিত্র টলেমির উপপাদ্যকে সমর্থন করে।  
টলেমির উপপাদ্য : বৃত্তে অন্ডুল্লিখিত কোণ চতুর্ভুজের কর্ণদ্বয়ের অন্ড গত আয়তক্ষেত্র ঐ চতুর্ভুজের বিপরীত বাহুদ্বয়ের অন্ড্র্গত আয়তক্ষেত্রের সমষ্টির সমান।

খ



বিশেষ নির্বচন: মনে করি বৃত্তে অন্ডুল্লিখিত PQRS চতুর্ভুজের বিপরীত বাহুগুলো যথাক্রমে PQ ও RS এবং QR ও PS। PR এবং QS চতুর্ভুজটির দুইটি কর্ণ। প্রমাণ করতে হবে যে,  $PR \cdot QS = PQ \cdot RS + QR \cdot PS$ .

অঙ্কন:  $\angle QPR$  কে  $\angle SPR$  এর ছোট ধরে নিয়ে P বিন্দুতে PR রেখাংশের সাথে  $\angle QPR$ -এর সমান করে  $\angle SPM$  আঁকি যেন PM রেখা QS কর্ণকে M বিন্দুতে ছেদ করে।

প্রমাণ: অঙ্কন অনুসারে  $\angle QPR = \angle SPM$

উভয়পক্ষে  $\angle RPM$  যোগ করে পাই,

$\angle QPR + \angle RPM = \angle SPM + \angle RPM$

অর্থাৎ,  $\angle QPM = \angle RPS$

এখন  $\triangle PQM$  ও  $\triangle PRS$  এর মধ্যে,

$\angle QPM = \angle RPS$

$\angle PQS = \angle PRS$  [একই বৃত্তাংশস্থিত কোণ সমান বলে]

এবং অবশিষ্ট  $\angle PMQ =$  অবশিষ্ট  $\angle PSR$

$\therefore \triangle PQM$  ও  $\triangle PRS$  সদৃশকোণী।

$\frac{QM}{RS} = \frac{PQ}{PR}$

অর্থাৎ,  $PR \cdot QM = PQ \cdot RS$  .....(i)

আবার,  $\triangle PQR$  ও  $\triangle PMS$  এর মধ্যে

$\angle QPR = \angle SPM$  [অঙ্কন অনুসারে]

$\angle PSM = \angle PRQ$  [একটি বৃত্তাংশস্থিত কোণ সমান বলে]

এবং অবশিষ্ট  $\angle PQR =$  অবশিষ্ট  $\angle PMS$

$\therefore \triangle PQR$  ও  $\triangle PMS$  সদৃশকোণী।

$\frac{PS}{PR} = \frac{MS}{QR}$

অর্থাৎ,  $PR \cdot MS = QR \cdot PS$  .....(ii)

এখন সমীকরণ (i) ও (ii) যোগ করে পাই,


$PR \cdot QM + PR \cdot MS = PQ \cdot RS + QR \cdot PS$

বা,  $PR (QM + MS) = PQ \cdot RS + QR \cdot PS$

$\therefore PR \cdot QS = PQ \cdot RS + QR \cdot PS$  [যেহেতু  $QM + MS = QS$ ] (প্রমাণিত)

- গ দেওয়া আছে,  $PR = 10$  সে.মি.  
 $QS = 8$  সে.মি.  
 $PR$  ধার বিশিষ্ট ঘনকের ক্ষেত্রফল  $= 6PR^2 = 6 \times (10)^2$  বর্গ সে.মি.  
 $= 600$  বর্গ সে.মি.  
আবার,  $QS$  ধারবিশিষ্ট ঘনকের ক্ষেত্রফল  $= 6QS^2 = 6 \times (8)^2$  বর্গ সে.মি.  
 $= 384$  বর্গ সে.মি.  
 $\therefore$  ঘনক দুটির ক্ষেত্রফলের অনুপাত  $= 600 : 384 = 25 : 16$  (Ans.)

প্রশ্ন ৬



- ক. চিত্রের ঘনবস্তুর আয়তন নির্ণয় কর।  
খ. তিনটি নিরেট ধাতব গোলকের ব্যাসার্ধ যথাক্রমে  $AB$ ,  $BC$  ও  $CC'$ । গোলক তিনটিকে গলিয়ে একটি নিরেট নতুন গোলকে পরিণত করা হলো। এর ব্যাসার্ধ এবং সমগ্র পৃষ্ঠতলের ক্ষেত্রফল নির্ণয় কর।  
গ. ঘনবস্তুর  $ABCD$  তলটিকে বৃহত্তম বাহুর চতুর্দিকে ঘোরালে যে ঘনবস্তু উৎপন্ন হয় তার সমগ্রতলের ক্ষেত্রফল এবং আয়তন নির্ণয় কর।


৬ নং প্রশ্নের সমাধান

- ক দেওয়া আছে, ঘনবস্তুর দৈর্ঘ্য  $= 5$  সে. মি., প্রস্থ  $= 4$  সে. মি.  
উচ্চতা  $= 3$  সে. মি.  
 $\therefore$  ঘনবস্তুর আয়তন  $=$  দৈর্ঘ্য  $\times$  প্রস্থ  $\times$  উচ্চতা  
 $= 5 \times 4 \times 3$  ঘন সে. মি.  
 $= 60$  ঘন সে. মি. (Ans.)

- খ দেওয়া আছে,  
 $AB = 5$  সে. মি.,  $BC = 4$  সে. মি. ও  $CC' = 3$  সে. মি.  
ধরি, নতুন গোলকটির ব্যাসার্ধ  $= r$   
আমরা জানি, গোলকের আয়তন  $= \frac{4}{3} \pi$  (ব্যাসার্ধ) $^3$  ঘন একক  
প্রশ্নমতে,  $AB$ ,  $BC$  ও  $CC'$  ব্যাসার্ধ বিশিষ্ট গোলকের আয়তনের সমষ্টি  $=$  নতুন গোলকের আয়তন  
বা,  $\frac{4}{3} \pi (AB)^3 + \frac{4}{3} \pi (BC)^3 + \frac{4}{3} \pi (CC')^3 = \frac{4}{3} \pi r^3$   
বা,  $\frac{4}{3} \pi (5^3 + 4^3 + 3^3) = \frac{4}{3} \pi r^3$   
বা,  $125 + 64 + 27 = r^3$  বা,  $r^3 = 216$   
 $\therefore r = 6$   
সুতরাং নতুন গোলকের ব্যাসার্ধ  $= 6$  সে. মি. (Ans.)  
আবার, নতুন গোলকের সমগ্র পৃষ্ঠতলের ক্ষেত্রফল  
 $= 4\pi r^2$   
 $= 4 \times 3.1416 \times 6^2$  বর্গ সে. মি.  
 $= 452.39$  বর্গ সে. মি. (প্রায়) (Ans.)



- গ ঘনবস্তুর  $ABCD$  তলটিকে বৃহত্তম বাহু  $AB$  এর চতুর্দিকে ঘোরালে একটি সমবৃত্তভূমিক সিলিন্ডার উৎপন্ন হয়। যার ব্যাসার্ধ,  $r = BC = 4$  সে. মি.  
উচ্চতা,  $h = AB = 5$  সে. মি.  
 $\therefore$  সিলিন্ডারের সমগ্রতলের ক্ষেত্রফল  $= 2\pi r(r + h)$   
 $= 2 \times 3.1416 \times 4 (4 + 5)$  বর্গ সে. মি.  
 $= 226.20$  বর্গ সে. মি. (প্রায়) (Ans.)  
আবার, সিলিন্ডারের আয়তন  $= \pi r^2 h$  ঘন একক  
 $= 3.1416 \times 4^2 \times 5$  ঘন সে. মি.  
 $= 251.33$  ঘন সে. মি. (প্রায়) (Ans.)

প্রশ্ন ৭



- ক.  $EP$  এর সমান ব্যাসার্ধবিশিষ্ট একটি বৃত্ত আঁক যা দুটি নির্দিষ্ট বিন্দু দিয়ে যায়। [অংকনের শুধু চিহ্ন আবশ্যিক]  
খ. উদ্দীপকের ভিত্তিতে প্রমাণ কর যে,  $DP^2 + EP^2 = \frac{1}{2}(DE^2 + DF^2)$   
গ.  $DG = 10$  cm,  $PF = 8$  cm হলে,  $\triangle DGF$  কে  $DG$  বাহুর সাপেক্ষে ঘোরালে উৎপন্ন ঘনবস্তুর আয়তন ও ক্ষেত্রফল নির্ণয় কর।

৭ নং প্রশ্নের সমাধান



চিত্র-১

চিত্র-২

মনে করি,  $\triangle DEF$ -এ  $DP$  মধ্যমা, প্রমাণ করতে হবে যে,

$$DP^2 + EP^2 = \frac{1}{2}(DE^2 + DF^2)$$

অঙ্কন:  $D$  থেকে  $EF$  এর উপর বা,  $EF$  এর বর্ধিতাংশের উপর  $DG$  লম্ব টানি।

প্রমাণ: মনে করি, চিত্রে (১)-এ  $\angle DPE$  স্থূলকোণ। অতএব পীথাগোরাসের উপপাদ্যের বিস্তৃত অনুসারে,

$$DE^2 = DP^2 + EP^2 + 2EP \cdot GP \dots\dots\dots (i)$$

আবার, চিত্র (২)-এ  $\angle DPF$  সূক্ষ্মকোণ

$$\therefore DF^2 = DP^2 + FP^2 - 2PF \cdot GP$$

$$\text{বা, } DF^2 = DP^2 + EP^2 - 2 \cdot EP \cdot GP \quad [PF = EP] \dots\dots\dots (ii)$$

(i) ও (ii) যোগ করে,

$$DE^2 + DF^2 = DP^2 + EP^2 + DP^2 + EP^2 + 2EP \cdot GP - 2EP \cdot GP$$

$$\text{বা, } DE^2 + DF^2 = 2DP^2 + 2EP^2$$

$$\therefore DP^2 + EP^2 = \frac{1}{2}(DE^2 + DF^2) \quad (\text{প্রমাণিত})$$

- গ  $\triangle DGF$  কে  $DG$  বাহু বরাবর ঘোরালে একটি সমবৃত্তভূমিক কোণক উৎপন্ন হয় যার উচ্চতা,  $DG = 10$  cm  $= h$  এবং

$$\text{ব্যাসার্ধ, } r = \frac{PF}{2} = \frac{8}{2} = 4 \text{ cm}$$

উৎপন্ন কোণকের আয়তন =  $\frac{1}{3} \pi r^2 h$  ঘন একক  
 $= \frac{1}{3} \times 3.1416 \times (4)^2 \times 10 \text{ cm}^3$   
 $= 167.552 \text{ cm}^3$  (Ans.)  
 $\therefore$  কোণকের হেলানো তল,  $l = \sqrt{(10)^2 + (4)^2}$  একক  
 $= \sqrt{100 + 16} = 10.77 \text{ cm}$  (প্রায়)  
 $\therefore$  কোণকের ক্ষেত্রফল =  $\pi r(r + l)$  বর্গ একক  
 $= 3.1416 \times 4(4 + 10.77)$   
 $= 185.605 \text{ cm}^2$  (প্রায়) (Ans.)

- প্রশ্ন ▶ চ** P(t, 2) বিন্দুগামী  $2y - 3x + 6 = 0$  রেখাটি x অক্ষকে A এবং y অক্ষকে B বিন্দুতে ছেদ করে। [য. বো. ১৬]
- ক. রেখাটির ঢাল নির্ণয় কর। ২  
 খ.  $\Delta APB$  এর ক্ষেত্রফল নির্ণয় কর। ৪  
 গ.  $\Delta OAB$  কে OB বাহুর চতুর্দিকে একবার ঘুরালে যে ঘনবস্ত্র উৎপন্ন হয় তার সমগ্রতলের ক্ষেত্রফল নির্ণয় কর। ৪


**৮ নং প্রশ্নের সমাধান**

**ক** প্রদত্ত সমীকরণ,  
 $2y - 3x + 6 = 0$   
 বা,  $2y = 3x - 6$  বা,  $y = \frac{3}{2}x - \frac{6}{2}$   
 $\therefore y = \frac{3}{2}x - 3$  ..... (i)  
 (i) নং কে  $y = mx + c$  রেখার সাথে তুলনা করে পাই,  $m = \frac{3}{2}$   
 $\therefore$  রেখাটির ঢাল =  $\frac{3}{2}$  (Ans.)

**খ** প্রদত্ত রেখাটি  $2y - 3x + 6 = 0$  ..... (ii)  
 রেখাটি x অক্ষকে A বিন্দুতে ছেদ করে।  
 $\therefore y = 0$   
 (ii) নং থেকে,  $2 \cdot 0 - 3x + 6 = 0$   
 বা,  $-3x = -6$   
 $\therefore x = 2$   
 $\therefore$  A বিন্দুর স্থানাঙ্ক (2, 0)  
 আবার, রেখাটি y অক্ষকে B বিন্দুতে ছেদ করে।  
 $\therefore x = 0$   
 (ii) নং থেকে,  $2y - 3 \cdot 0 + 6 = 0$   
 বা,  $2y = -6 \therefore y = -3$   
 $\therefore$  B বিন্দুর স্থানাঙ্ক (0, -3)  
 (ii) নং রেখাটি P(t, 2) বিন্দুগামী।  
 $2 \cdot 2 - 3t + 6 = 0$   
 বা,  $4 - 3t + 6 = 0$   
 বা,  $10 - 3t = 0$   
 বা,  $10 = 3t \therefore t = \frac{10}{3}$

$\therefore$  P বিন্দুর স্থানাঙ্ক  $(\frac{10}{3}, 2)$   
 $\Delta APB$  এর ক্ষেত্রফল =  $\frac{1}{2} \begin{vmatrix} 2 & \frac{10}{3} & 0 \\ 0 & 2 & -3 \\ 0 & 0 & 0 \end{vmatrix}$  বর্গ একক  
 $= \frac{1}{2} \{(4 - 10 + 0) - (0 + 0 - 6)\}$   
 $= \frac{1}{2} (-6 + 6) = \frac{1}{2} \times 0 = 0$  (Ans.)

- গ**  $\Delta OAB$  কে OB বাহুর চতুর্দিকে একবার ঘুরালে যে ঘনবস্ত্র উৎপন্ন হয় তা একটি কোণক।  
 কোণকের ব্যাসার্ধ,  $r = OA$



$= \sqrt{(0-2)^2 + (0-0)^2}$   
 $= \sqrt{4+0} = 2$   
 কোণকের উচ্চতা,  $h = OB = \sqrt{(0-0)^2 + (0+3)^2}$   
 $= \sqrt{0+9} = 3$   
 $\therefore$  হেলানো উচ্চতা,  $l = \sqrt{h^2 + r^2} = \sqrt{3^2 + 2^2}$   
 $= \sqrt{9+4} = \sqrt{13}$


$\therefore$  কোণকের সমগ্রতলের ক্ষেত্রফল =  $\pi r(l + r)$   
 $= 3.1416 \times 2 \times (\sqrt{13} + 2)$   
 $= 35.221$  বর্গএকক (প্রায়) (Ans.)

- প্রশ্ন ▶ ৯**  $(-\frac{3}{2}, 5)$  বিন্দুগামী একটি সরলরেখার ঢাল  $-\frac{2}{3}$  এবং রেখাটি x অক্ষ ও y অক্ষকে যথাক্রমে P ও Q বিন্দুতে ছেদ করে। [য. বো. ১৫]
- ক. PQ রেখার সমীকরণ নির্ণয় কর। ২  
 খ. PQ রেখাটি অক্ষদ্বয়ের সাথে যে ত্রিভুজ উৎপন্ন করে তার বাহুগুলোর দৈর্ঘ্য নির্ণয় পূর্বক ত্রিভুজটির ক্ষেত্রফল নির্ণয় কর। ৪  
 গ. OPQ ত্রিভুজটিকে y অক্ষের সাপেক্ষে চতুর্দিকে একবার ঘোরালে যে ঘনবস্ত্র উৎপন্ন হয় তার সমগ্রতলের ক্ষেত্রফল ও আয়তনের সাংখ্যিক মানের পার্থক্য নির্ণয় কর। ৪

**৯ নং প্রশ্নের সমাধান**

**ক** দেওয়া আছে, ঢাল,  $m = -\frac{2}{3}$   
 নির্দিষ্ট বিন্দু,  $(x_1, y_1) = (-\frac{3}{2}, 5)$   
 $\therefore$  PQ রেখার সমীকরণ,  
 $y - y_1 = m(x - x_1)$   
 বা,  $y - 5 = -\frac{2}{3} \left\{ x - \left(-\frac{3}{2}\right) \right\}$   
 বা,  $y - 5 = -\frac{2}{3} \left( x + \frac{3}{2} \right)$   
 বা,  $y - 5 = -\frac{2}{3}x - 1$   
 বা,  $y = -\frac{2}{3}x - 1 + 5$   
 $\therefore y = -\frac{2}{3}x + 4$  (Ans.)

- খ** রেখাটি x ও y অক্ষকে P ও Q বিন্দুতে ছেদ করলে পাই,



P বিন্দুর স্থানাঙ্ক (6, 0) [x অক্ষে  $y = 0$  বসিয়ে পাই,  $x = 6$ ]  
 Q বিন্দুর স্থানাঙ্ক (0, 4) [y অক্ষে  $x = 0$  বসিয়ে পাই,  $y = 4$ ]  
 ধরি, মূলবিন্দু O(0, 0)

$\Delta OPQ$ -এ  
 OP বাহুর দৈর্ঘ্য  $a = \sqrt{(6-0)^2 + (0-0)^2} = 6$   
 OQ বাহুর দৈর্ঘ্য,  $b = \sqrt{(0-0)^2 + (4-0)^2} = 4$   
 PQ বাহুর দৈর্ঘ্য,  $c = \sqrt{(6-0)^2 + (0-4)^2} = \sqrt{6^2 + 4^2}$   
 $= \sqrt{36 + 16} = \sqrt{52} = \sqrt{4 \times 13} = 2\sqrt{13}$

এখানে অর্ধপরিমিতি,

$s = \frac{a+b+c}{2} = \frac{6+4+2\sqrt{13}}{2}$   
 $= \frac{10+2\sqrt{13}}{2} = 5 + \sqrt{13}$

$\therefore \Delta OPQ$  এর ক্ষেত্রফল =  $\sqrt{s(s-a)(s-b)(s-c)}$   
 $= \sqrt{(5 + \sqrt{13})(5 + \sqrt{13} - 6)(5 + \sqrt{13} - 4)(5 + \sqrt{13} - 2\sqrt{13})}$   
 বর্গ একক  
 $= \sqrt{(5 + \sqrt{13})(-1 + \sqrt{13})(1 + \sqrt{13})(5 - \sqrt{13})}$  বর্গ একক  
 $= \sqrt{(5 + \sqrt{13})(5 - \sqrt{13})(\sqrt{13} - 1)(\sqrt{13} + 1)}$  বর্গ একক  
 $= \{5^2 - (\sqrt{13})^2\} \{(\sqrt{13})^2 - 1^2\}$  বর্গ একক  
 $= \sqrt{(25 - 13)(13 - 1)}$  বর্গ একক  
 $= \sqrt{12 \times 12}$  বর্গ একক  
 $= \sqrt{12^2}$  বর্গ একক

= 12 বর্গ একক (Ans.)

গ OPQ ত্রিভুজটিকে y অক্ষের সাপেক্ষে চতুর্দিকে একবার ঘোরালে OP = 6 একক ব্যাসার্ধ এবং OQ = 4 একক উচ্চতা বিশিষ্ট সমবৃত্তভূমিক কোণক তৈরি হবে।

ধরি, সমবৃত্তভূমিক কোণকের ব্যাসার্ধ r একক এবং উচ্চতা h একক  
সুতরাং r = 6 একক, h = 4 একক

$$\begin{aligned} \text{কোণকের তির্যক বাহুর উচ্চতা, } l &= \sqrt{h^2 + r^2} \text{ একক} \\ &= \sqrt{4^2 + 6^2} \text{ একক} \\ &= 2\sqrt{13} \text{ একক} \end{aligned}$$

$$\begin{aligned} \therefore \text{কোণকের সমগ্রতলের ক্ষেত্রফল} &= \pi r(l + r) \text{ বর্গ একক} \\ &= 3.1416 \times 6 \times (2\sqrt{13} + 6) \text{ বর্গ একক} \\ &= 249.02 \text{ বর্গ একক (প্রায়)} \end{aligned}$$

$$\begin{aligned} \text{এবং কোণকের আয়তন} &= \frac{1}{3} \pi r^2 h \text{ ঘন একক} \\ &= \frac{1}{3} \times 3.1416 \times 6^2 \times 4 \text{ ঘন একক} \\ &= 150.8 \text{ ঘন একক (প্রায়)} \end{aligned}$$

$$\begin{aligned} \therefore \text{সাংখ্যিক মানের পার্থক্য} &= 249.02 - 150.8 \\ &= 98.22 \text{ (প্রায়) (Ans.)} \end{aligned}$$

প্রশ্ন ১০ 6 সে.মি., 8 সে.মি. এবং r সে.মি. ব্যাসার্ধবিশিষ্ট তিনটি কঠিন ধাতব গোলক গলিয়ে 9 সে.মি. ব্যাসার্ধবিশিষ্ট একটি কঠিন গোলকে পরিণত করা হলো যা সিলিন্ডার আকৃতির একটি বাস্কে ঠিকভাবে ঝঁটে যায়। [ব. বো. ১৭/ক]

ক. 6 সে.মি. ব্যাসার্ধবিশিষ্ট গোলকটির পৃষ্ঠতলের ক্ষেত্রফল নির্ণয় কর। ২  
খ. r এর মান নির্ণয় কর। ৪  
গ. বাস্কটির অনধিকৃত অংশের আয়তন নির্ণয় কর। ৪

#### ১০ নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, গোলকের ব্যাসার্ধ R = 6 সে.মি.।  
আমরা জানি, গোলকের ব্যাসার্ধ R হলে এর পৃষ্ঠতলের ক্ষেত্রফল =  $4\pi R^2$  বর্গ একক  
 $\therefore$  প্রদত্ত গোলকের পৃষ্ঠতলের ক্ষেত্রফল  
=  $4\pi \times 6^2$  বর্গ সে.মি.  
=  $4\pi \times 36$  বর্গ সে.মি.  
=  $452.3904$  বর্গ সে.মি. (প্রায়) (Ans.)

খ আমরা জানি, গোলকের আয়তন =  $\frac{4}{3}\pi \times (\text{ব্যাসার্ধ})^3$  ঘন একক  
6, 8, r সে.মি. ব্যাসার্ধের গোলকের আয়তনের সমষ্টি  
=  $\left\{ \frac{4}{3}\pi (6)^3 + \frac{4}{3}\pi (8)^3 + \frac{4}{3}\pi r^3 \right\}$  ঘন সে.মি.  
=  $\frac{4}{3}\pi (6^3 + 8^3 + r^3)$  ঘন সে.মি.

আবার, 9 সে.মি. ব্যাসার্ধবিশিষ্ট গোলকের আয়তন =  $\frac{4}{3}\pi \times 9^3$  ঘন সে.মি.

$$\text{প্রশ্নমতে, } \frac{4}{3}\pi (6^3 + 8^3 + r^3) = \frac{4}{3}\pi \times 9^3$$

$$\begin{aligned} \text{বা, } 6^3 + 8^3 + r^3 &= 9^3 \\ \text{বা, } 216 + 512 + r^3 &= 729 \\ \text{বা, } r^3 &= 729 - 728 \\ \text{বা, } r^3 &= 1 \\ \therefore r &= 1 \text{ সে.মি. (Ans.)} \end{aligned}$$

গ 9 সে.মি. ব্যাসার্ধবিশিষ্ট গোলকের আয়তন =  $\frac{4}{3}\pi (9)^3$

$$\begin{aligned} &= \frac{4}{3} \times 3.1416 \times 729 \\ &= 3053.6352 \text{ ঘন সে.মি. (প্রায়)} \end{aligned}$$

যেহেতু 9 সে.মি. ব্যাসার্ধবিশিষ্ট গোলকটি সিলিন্ডার আকৃতির বাস্কে ঠিকভাবে ঝঁটে যায়।

সুতরাং সিলিন্ডারের ব্যাসার্ধ হবে গোলকের ব্যাসার্ধ এবং সিলিন্ডারের উচ্চতা হবে গোলকের ব্যাস।

$\therefore$  সিলিন্ডারের ব্যাসার্ধ, r = 9 সে.মি.

এবং উচ্চতা, h = 9  $\times$  2 সে.মি. = 18 সে.মি.

$\therefore$  সিলিন্ডারের আয়তন =  $\pi r^2 h$  ঘন একক

$$\begin{aligned} &= 3.1416 \times 9^2 \times 18 \text{ ঘন সে.মি.} \\ &= 4580.4528 \text{ ঘন সে.মি. (প্রায়)} \end{aligned}$$

$\therefore$  বাস্কটির অনধিকৃত অংশের আয়তন

$$\begin{aligned} &= (4580.4528 - 3053.6352) \text{ ঘন সে.মি.} \\ &= 1526.8176 \text{ ঘন সে.মি. (প্রায়) (Ans.)} \end{aligned}$$

প্রশ্ন ১১ ABC ত্রিভুজের AB = 12 cm, AC = 5 cm, BC = 13 cm এবং মধ্যমা AD-এর ছেদ বিন্দু O। [ব. বো. ১৬/ক]


ক. শীর্ষবিন্দু A থেকে বিপরীত বাহুর উপর অঙ্কিত মধ্যমার দৈর্ঘ্য নির্ণয় কর। ২

খ. দেখাও যে, উদ্দীপকে উলিখিত ত্রিভুজের বাহু তিনটির বর্গের সমষ্টি 'O' বিন্দু হতে শীর্ষ বিন্দু তিনটির দূরত্বের বর্গের সমষ্টি তিনগুণের সমান। ৪

গ. ত্রিভুজটিকে উহার ক্ষুদ্রতর বাহুর চতুর্দিকে ঘোরালে যে ঘনবস্তু উৎপন্ন হয়, তার সমগ্রতলের ক্ষেত্রফল ও আয়তনের সাংখ্যিক মানের পার্থক্য নির্ণয় কর। ৪

#### ১১ নং প্রশ্নের সমাধান

ক



দেওয়া আছে, ABC ত্রিভুজে AB = 12 cm, AC = 5 cm এবং BC = 13 cm।

ধরি, শীর্ষবিন্দু A থেকে বিপরীত বাহু BC এর উপর অঙ্কিত মধ্যমা AD. এ্যাপোলোনিয়াসের উপপাদ্য অনুযায়ী পাই,

$$AB^2 + AC^2 = 2(AD^2 + BD^2) \quad [\because D, BC \text{ এর মধ্যবিন্দু}]$$

$$\text{বা, } 12^2 + 5^2 = 2AD^2 + 2\left(\frac{BC}{2}\right)^2$$

$$\text{বা, } 144 + 25 = 2AD^2 + 2\left(\frac{13}{2}\right)^2$$

$$\text{বা, } 169 = 2AD^2 + \frac{169}{2}$$

$$\text{বা, } 2AD^2 = 169 - \frac{169}{2}$$


$$\text{বা, } AD^2 = \frac{169}{4}$$

$$\text{বা, } AD = \sqrt{\frac{169}{4}}$$

$$\therefore AD = \frac{13}{2} = 6.5 \text{ cm}$$

খ

$\therefore$  মধ্যমার দৈর্ঘ্য 6.5 cm (Ans.)



দেওয়া আছে,  $\Delta ABC$ -এ AB = 12 cm

এবং BC = 13 cm চিত্রানুযায়ী, এ্যাপোলোনিয়াসের উপপাদ্য থেকে পাই,

$$AC^2 + BC^2 = 2(CF^2 + AF^2)$$

$$\text{বা, } 5^2 + 13^2 = 2CF^2 + 2\left(\frac{12}{2}\right)^2$$

$$\text{বা, } 25 + 169 - 72 = 2CF^2$$

$$\text{বা, } CF^2 = \frac{122}{2}$$

$$\therefore CF^2 = 61$$

$$\text{এবং } AB^2 + BC^2 = 2(BE^2 + AE^2)$$

$$\text{বা, } 12^2 + 13^2 = 2BE^2 + 2 \left(\frac{5}{2}\right)^2$$

$$\text{বা, } 144 + 169 - 12.5 = 2BE^2$$

$$\text{বা, } BE^2 = \frac{300.5}{2}$$

$$\therefore BE^2 = 150.25$$

$$\text{এবং 'ক' হতে পাই, } AD^2 = \frac{169}{4} = 42.25$$

আমরা জানি, ত্রিভুজের মধ্যমাত্রয়ের ছেদবিন্দু মধ্যমাগুলোকে 2 : 1 বা 1 : 2 অনুপাতে বিভক্ত করে। চিত্রে, O ত্রিভুজের মধ্যমাত্রয়ের ছেদবিন্দু।

$$\therefore \frac{OD}{OA} = \frac{1}{2}$$

$$\text{বা, } \frac{OD + OA}{OA} = \frac{1+2}{2} \text{ [যোজন করে]}$$

$$\text{বা, } \frac{AD}{OA} = \frac{3}{2}$$

$$\text{বা, } OA = \frac{2}{3}AD$$

$$\text{বা, } OA^2 = \frac{4}{9}AD^2 \text{ [বর্গ করে]}$$

$$\therefore OA^2 = \frac{4}{9} \times 42.25 = \frac{169}{9}$$

$$\text{অনুরূপে পাই, } OB^2 = \frac{4}{9} \times BE^2 = \frac{4}{9} \times 150.25 = \frac{601}{9}$$

$$\text{এবং } OC^2 = \frac{4}{9} \times CF^2 = \frac{4}{9} \times 61 = \frac{244}{9}$$


$$\therefore 3(OA^2 + OB^2 + OC^2) = 3 \left( \frac{169}{9} + \frac{601}{9} + \frac{244}{9} \right) \\ = 3 \times \frac{1014}{9} = 338$$

$$\text{এবং } AB^2 + BC^2 + AC^2 = 12^2 + 13^2 + 5^2 = 144 + 169 + 25 \\ = 338$$

$$\therefore AB^2 + BC^2 + AC^2 = 3(OA^2 + OB^2 + OC^2) \text{ (দেখানো হলো)}$$

**গ** এখানে,

$$AB^2 + AC^2 = 12^2 + 5^2 \\ = 144 + 25 \\ = 169 \\ = 13^2 = BC^2$$



$\therefore$  ABC সমকোণী ত্রিভুজ এবং  $\angle A$  সমকোণ।


উদ্দীপকে উল্লেখিত সমকোণী ত্রিভুজটিকে উহার ক্ষুদ্রতম বাহু AC এর চতুর্দিকে ঘোরালে একটি সমবৃত্তভূমিক কোণক উৎপন্ন হয় যার ভূমির ব্যাসার্ধ,  $r = AB = 12\text{cm}$ , উচ্চতা,  $h = AC = 5\text{ cm}$  এবং হেলানো উচ্চতা,  $l = BC = 13\text{cm}$

$$\therefore \text{কোণকটির সমগ্রতলের ক্ষেত্রফল} = \pi r(r + l) \text{ বর্গ একক} \\ = 3.1416 \times 12 \times (12 + 13) \text{ বর্গ সে.মি.} \\ = 37.6992 \times 25 \text{ বর্গ সে.মি.} \\ = 942.48 \text{ বর্গ সে.মি. (প্রায়)}$$

$$\text{এবং কোণকটির আয়তন} = \frac{1}{3} \pi r^2 h \text{ ঘন একক} \\ = \frac{1}{3} \times 3.1416 \times 12^2 \times 5 \text{ ঘন সে.মি.} \\ = 753.98 \text{ ঘন সে.মি. (প্রায়)}$$

$$\therefore \text{কোণকটির সমগ্রতলের ক্ষেত্রফল ও আয়তনের সাংখ্যিক মানের পার্থক্য} \\ = 942.48 - 753.98 = 188.5 \text{ (প্রায়) (Ans.)}$$

**প্রশ্ন ▶ ১২**



বলটির পরিসীমা ৪৪ সে.মি.।

[মির্জাপুর ক্যাডেট কলেজ, টাঙ্গাইল]

ক. সমবৃত্তভূমিক কোণকের আয়তন নির্ণয় কর যখন  $r = 5$  সে.মি. এবং  $h = 7$  সে.মি.।

২

খ. চিত্রে অনধিকৃত অংশের আয়তন নির্ণয় কর। ৪

গ. ৭ সে.মি., ৪ সে.মি. এবং  $a$  সে.মি. ব্যাসার্ধবিশিষ্ট তিনটি গোলক আকৃতির বল গলিয়ে একটি নিরেট গোলক তৈরি করা হল যার আয়তন চিত্রে প্রদত্ত ঘনকের আয়তনের সমান।  $a$  এর মান নির্ণয় কর। ৪

**১২ নং প্রশ্নের সমাধান**

**ক** দেওয়া আছে,  $r = 5$  সে.মি.

$$h = 7 \text{ সে.মি.}$$

আমরা জানি, সমবৃত্তভূমিক কোণকের ভূমির ব্যাসার্ধ  $r$  এবং

$$\text{উচ্চতা } h \text{ হলে আয়তন} = \frac{1}{3} \pi r^2 h \text{ ঘন একক}$$

$$= \frac{1}{3} \times 3.1416 \times 5^2 \times 7 \text{ ঘন সে.মি.}$$

$$= 183.26 \text{ ঘন সে.মি. (প্রায়) (Ans.)}$$

**খ** মনে করি, গোলাকৃতির বলটির ব্যাসার্ধ  $= r$  সে.মি.

$$\therefore \text{বলটির পরিধি} = 2\pi r \text{ সে.মি.}$$

$$\text{প্রশ্নমতে, } 2\pi r = 88$$

$$\text{বা, } 2 \times 3.1416 \times r = 88$$

$$\text{বা, } r = \frac{88}{2 \times 3.1416}$$

$$\therefore r = 14 \text{ সে.মি.}$$

$$\therefore \text{গোলক আকৃতির বলটির আয়তন} = \frac{4}{3} \pi r^3 \text{ ঘন একক}$$

$$= \frac{4}{3} \times 3.1416 \times 14^3 \text{ ঘন সে.মি.}$$

$$= 11494.07 \text{ ঘন সে.মি.}$$

আবার, চিত্র অনুযায়ী গোলক আকৃতির বলটি ঘনক আকৃতির বাস্কে ঠিক ভাবে এঁটে যায়।

$$\therefore \text{ঘনকের ধার} = \text{গোলকের ব্যাস}$$

$$= 2 \times \text{ব্যাসার্ধ}$$

$$= 2 \times 14 \text{ সে.মি.}$$

$$= 28 \text{ সে.মি.}$$

$$\therefore \text{ঘনকের আয়তন} = (28)^3 \text{ ঘন সে.মি.}$$

$$= 21952 \text{ ঘন সে.মি.}$$

$$\therefore \text{অনধিকৃত অংশের আয়তন} = (21952 - 11494.07) \text{ ঘন সে.মি.}$$

$$= 10457.93 \text{ ঘন সে.মি. (Ans.)}$$

**গ** চিত্রে ঘনকের আয়তন  $= 21952$  ঘন সে.মি.

$$7 \text{ সে.মি. ব্যাসার্ধ বিশিষ্ট গোলকের আয়তন} = \frac{4}{3} \pi \times 7^3 \text{ ঘন সে.মি.}$$

$$= \frac{4}{3} \times 3.1416 \times 343 \text{ ঘন সে.মি.}$$

$$= 1436.76 \text{ ঘন সে.মি.}$$

$$8 \text{ সে.মি. ব্যাসার্ধ বিশিষ্ট গোলকের আয়তন} = \frac{4}{3} \pi \times 8^3 \text{ ঘন সে.মি.}$$

$$= \frac{4}{3} \times 3.1416 \times 512 \text{ ঘন সে.মি.}$$

$$= 2144.67 \text{ ঘন সে.মি.}$$

$$a \text{ সে.মি. ব্যাসার্ধ বিশিষ্ট গোলকের আয়তন} = \frac{4}{3} \pi a^3 \text{ ঘন সে.মি.}$$

$$\text{প্রশ্নমতে, } 1436.76 + 2144.67 + \frac{4}{3} \pi a^3 = 21952$$

$$\text{বা, } \frac{4}{3} \pi a^3 = 21952 - 1436.76 - 2144.67$$

$$\text{বা, } \frac{4}{3} \pi a^3 = 18370.57$$

$$\text{বা, } a^3 = \frac{18370.57 \times 3}{4 \times 3.1416}$$

$$\text{বা, } a^3 = 4385.64$$

$$\text{বা, } a = \sqrt[3]{4385.64}$$

$$\therefore a = 16.37 \text{ সে.মি. (প্রায়) (Ans.)}$$

**প্রশ্ন ▶ ১৩** একটি ইটের দৈর্ঘ্য প্রস্থ ও উচ্চতা যথাক্রমে ২৫ সে.মি. ১২.৫ সে.মি. এবং ৪ সে.মি.।

[ময়মনসিংহ গার্লস ক্যাডেট কলেজ, ময়মনসিংহ]

ক. ইটের সমগ্রতলের ক্ষেত্রফল নির্ণয় কর।

২


খ. 120 মি. দৈর্ঘ্য ও 90 মি. প্রস্থ (বহির্মাণ) বিশিষ্ট আয়তাকার বাগানের চতুর্দিকে 2 মি. উচ্চ ও 25 সে.মি. পুরু প্রাচীর নির্মাণ করতে কতগুলো ইট লাগবে? 8

গ. ABC ত্রিভুজের BC, CA এবং AB বাহুর মধ্যবিন্দু যথাক্রমে D, E ও F হলে প্রমাণ কর যে,  $\vec{AD} + \vec{BE} + \vec{CF} = 0$  8

**১৩ নং প্রশ্নের সমাধান**

ক. ধরি, ইটের দৈর্ঘ্য,  $a = 25$  সে.মি. = 0.25 মি.  
ইটের প্রস্থ  $b = 12.5$  সে.মি. = 0.125 মি.  
ইটের উচ্চতা  $c = 8$  সে.মি. = 0.08 মি.  
 $\therefore$  ইটের সমগ্রতলের ক্ষেত্রফল  
=  $2(ab + bc + ca)$  বর্গ একক  
=  $2(0.25 \times 0.125 + 0.125 \times 0.08 + 0.08 \times 0.25)$   
= 0.1225 বর্গ মি. (Ans.)

খ. দেওয়া আছে,  
বাগানের দৈর্ঘ্য,  $A = 120$  মিটার, প্রস্থ,  $B = 90$  মিটার  
প্রাচীরের উচ্চতা,  $H = 2$  মিটার  
প্রাচীরের পুরুত্ব,  $d = 25$  সে.মি. = 0.25 মিটার



চিত্র : ইট

$\therefore$  প্রাচীর ছাড়া বাগানের দৈর্ঘ্য =  $(A - 2d)$  মিটার  
=  $(120 - 2 \times 0.25)$  মিটার  
= 119.5 মিটার

এবং প্রাচীর ছাড়া বাগানের প্রস্থ =  $(B - 2d)$  মিটার  
=  $(90 - 2 \times 0.25)$  মিটার  
= 89.5 মিটার

$\therefore$  প্রাচীর ছাড়া বাগানের ক্ষেত্রফল =  $(119.5 \times 89.5)$  বর্গমিটার  
= 10695.25 বর্গমিটার  
আবার, প্রাচীরসহ বাগানের ক্ষেত্রফল =  $(120 \times 90)$  বর্গমিটার  
= 10800 বর্গমিটার

$\therefore$  যে স্থানে প্রাচীর অবস্থিত সে স্থানের ক্ষেত্রফল  
= (প্রাচীরসহ বাগানের ক্ষেত্রফল - প্রাচীর ছাড়া বাগানের ক্ষেত্রফল)  
=  $(10800 - 10695.25)$  বর্গমিটার = 104.75 বর্গমিটার

$\therefore$  প্রাচীরের আয়তন  
= প্রাচীরের অবস্থিত স্থানের ক্ষেত্রফল  $\times$  প্রাচীরের উচ্চতা  
=  $(104.75 \times 2)$  ঘনমিটার = 209.5 ঘনমিটার  
প্রতিটি ইটের আয়তন =  $abc$  ঘন একক  
=  $(0.25 \times 0.125 \times 0.08)$  ঘনমিটার  
= 0.0025 ঘনমিটার।

মনে করি, প্রাচীরে মোট  $n$  টি ইট লাগে।  
তাহলে প্রাচীরের মোট আয়তন =  $n$  সংখ্যক ইটের আয়তন  
=  $n \times 0.0025$  ঘনমিটার

প্রশ্নমতে,  $n \times 0.0025 = 209.5$

বা,  $n = \frac{209.5}{0.0025}$

$\therefore n = 83800$

$\therefore$  ইট লাগবে 83800 টি। (Ans.)


গ.  $\triangle ABD$ -এ ত্রিভুজ সূত্র হতে পাই,

$\vec{AD} = \vec{AB} + \vec{BD}$

$\therefore \vec{AD} = \vec{AB} + \frac{1}{2} \vec{BC}$  ..... (i)

[D, BC এর মধ্যবিন্দু বলে  $\vec{BD} = \frac{1}{2} \vec{BC}$ ]

$\triangle ACF$ -এ  $\vec{AF} = \vec{AC} + \vec{CF}$



$\therefore \vec{CF} = \vec{AF} - \vec{AC}$

$\therefore \vec{CF} = \frac{1}{2} \vec{AB} - \vec{AC}$  ..... (ii)

[F, AB এর মধ্য বিন্দু বলে  $\vec{AF} = \frac{1}{2} \vec{AB}$ ]

এবং  $\triangle ABE$ -এ  $\vec{AE} = \vec{AB} + \vec{BE}$

বা,  $\vec{BE} = \vec{AE} - \vec{AB}$

$\therefore \vec{BE} = \frac{1}{2} \vec{AC} - \vec{AB}$  ..... (iii)

[E, AC এর মধ্যবিন্দু বলে  $\vec{AE} = \frac{1}{2} \vec{AC}$ ]

এখন, (i), (ii) ও (iii) নং সমীকরণ যোগ করে পাই,

$\vec{AD} + \vec{CF} + \vec{BE} = \vec{AB} + \frac{1}{2} \vec{BC} + \frac{1}{2} \vec{AB} - \vec{AC} + \frac{1}{2} \vec{AC} - \vec{AB}$

বা,  $\vec{AD} + \vec{BE} + \vec{CF} = \frac{1}{2} \vec{AB} + \frac{1}{2} \vec{BC} - \frac{1}{2} \vec{AC}$

=  $\frac{1}{2} (\vec{AB} + \vec{BC}) - \frac{1}{2} \vec{AC}$

=  $\frac{1}{2} \vec{AC} - \frac{1}{2} \vec{AC} = 0$

$\therefore \vec{AD} + \vec{BE} + \vec{CF} = 0$  (প্রমাণিত)

**প্রশ্ন 18**

[রাজশাহী ক্যাডেট কলেজ, রাজশাহী]


ক. চিত্রসহ ভেক্টরের সামান্দ্রিক বিধি লিখ। 2

খ. ভেক্টর পদ্ধতিতে প্রমাণ কর যে, PQRS সামান্দ্রিকের কর্ণদ্বয় PR এবং SQ পরস্পরকে সমদ্বিখন্ডিত করে। 8

গ. সমবৃত্তভূমিক কোণকের উচ্চতা 27 সে.মি. এবং আয়তন 1450 ঘন সে.মি.। হেলানো উচ্চতা কত? 8

**১৪ নং প্রশ্নের সমাধান**

ক. সামান্দ্রিক বিধি : কোনো সামান্দ্রিকের দুইটি সন্নিহিত বাহু দ্বারা দুইটি ভেক্টর  $\vec{u}$  ও  $\vec{v}$  এর মান ও দিক সূচিত হলে, ঐ সামান্দ্রিকের যে কর্ণ  $\vec{u}$  ও  $\vec{v}$  ভেক্টরদ্বয়ের ধারক রেখার ছেদবিন্দুগামী তা দ্বারা  $\vec{u} + \vec{v}$  ভেক্টরের মান ও দিক সূচিত হয়।



খ. পাঠ্যবইয়ের অধ্যায়-১২ এর উদাহরণ-৪ দ্রষ্টব্য। পৃষ্ঠা-২৬৪

গ. ধরি, সমবৃত্তভূমিক কোণকের

উচ্চতা  $h$  একক, ব্যাসার্ধ  $r$  একক

এবং কোণকের হেলান উচ্চতা  $\ell$  একক।

সূত্রাং, কোণকের উচ্চতা,  $h = 27$  সে.মি.

এবং কোণকের আয়তন = 1450 ঘন সে.মি.

প্রশ্নমতে,  $\frac{1}{3} \times \pi r^2 \times 27 = 1450$

বা,  $r^2 = \frac{1450 \times 3}{27 \times 3.1416}$


$\therefore r^2 = 51.283$  সে.মি.

$\therefore$  হেলানো উচ্চতা,  $\ell = \sqrt{h^2 + r^2}$  একক

=  $\sqrt{(27)^2 + 51.283}$  সে.মি.

=  $\sqrt{729 + 51.283}$  সে.মি.

= 27.934 সে.মি. (প্রায়) (Ans.)



**প্রশ্ন 15** সমতলীয় ভেক্টর ও ঘন জ্যামিতি:

[জয়পুরহাট গার্লস ক্যাডেট কলেজ, জয়পুরহাট]

ক. দুইটি ভেক্টর সমান হওয়ার শর্ত লিখ। 2

খ. ভেক্টর পদ্ধতিতে প্রমাণ কর যে, আয়তক্ষেত্রের কর্ণদ্বয় পরস্পরকে সমদ্বিখন্ডিত করে। 8

গ. একটি সমবৃত্তভূমিক কোণকের হেলানো উচ্চতা 5 সে.মি. এবং ভূমির ব্যাসার্ধ 3 সে.মি.। ইহার আয়তন নির্ণয় কর। 8

**১৫ নং প্রশ্নের সমাধান**

ক একটি ভেক্টর  $\underline{u}$  কে অপর একটি ভেক্টর  $\underline{v}$  এর সমান বলা হয় যদি —

- $|\underline{u}| = |\underline{v}|$  হয়।
- $\underline{u}$  এর ধারক,  $\underline{v}$  এর ধারকের সমান্তরাল অথবা অভিন্ন হয়।
- $\underline{u}$  এর দিক  $\underline{v}$  এর দিকের সঙ্গে একমুখী হয়।

খ পাঠ্যবইয়ের অধ্যায়-১২ এর উদাহরণ-৪ এর অনুরূপ। পৃষ্ঠা- ২৬৪

গ দেওয়া আছে, ভূমির ব্যাসার্ধ,  $r = 3$  সে.মি.

হেলানো উচ্চতা,  $l = 5$  সে.মি.

আমরা জানি,  $l = \sqrt{h^2 + r^2}$

$$\text{বা, } 5 = \sqrt{h^2 + 3^2}$$

$$\text{বা, } 5^2 = h^2 + 3^2$$

$$\text{বা, } h^2 = 25 - 9$$

$$\text{বা, } h = \sqrt{16}$$

$$\therefore h = 4 \text{ সে.মি.}$$

$$\therefore \text{সমবৃত্তভূমিক কোণকের আয়তন} = \frac{1}{3} \pi r^2 h \text{ ঘন একক}$$

$$= \frac{1}{3} \times 3.1416 \times 3^2 \times 4 \text{ ঘন সে.মি.}$$

$$= 37.6992 \text{ ঘন সে.মি.}$$

$$= 37.7 \text{ ঘন সে.মি. (প্রায়) (Ans.)}$$

প্রশ্ন ১৬ একটি সমবৃত্তভূমিক কোণকের আয়তন  $V$ , ভূমির ব্যাসার্ধ  $r$ , বক্রতলের ক্ষেত্রফল  $S$ , উচ্চতা  $h$  এবং অর্ধশীর্ষ কোণ  $\alpha$ .

[পাবনা ক্যাডেট কলেজ, পাবনা]

ক.  $r$  ব্যাসার্ধ এবং  $h$  উচ্চতা বিশিষ্ট একটি সিলিন্ডারের বক্রতলের ক্ষেত্রফল ও সমগ্রতলের ক্ষেত্রফল কত? ২

খ. দেখাও যে,  $S = \frac{\pi h^2 \tan \alpha}{\cos \alpha} = \frac{\pi r^2}{\sin \alpha}$  বর্গ একক। ৪

গ. প্রমাণ কর যে,  $V : S = r \cos \alpha : 3$  ৪

#### ১৬ নং প্রশ্নের সমাধান

ক সিলিন্ডারের ব্যাসার্ধ  $r$  এবং উচ্চতা  $h$  হলে, বক্রতলের ক্ষেত্রফল  $= 2\pi r h$  বর্গ একক (Ans.)

সমগ্রতলের ক্ষেত্রফল  $= 2\pi r(r + h)$  বর্গ একক (Ans.)

খ পাঠ্যবইয়ের অধ্যায়-১৩ এর উদাহরণ-৮(i) দ্রষ্টব্য। পৃষ্ঠা-২৭৯

গ পাঠ্যবইয়ের অধ্যায়-১৩ এর উদাহরণ-৮(ii) দ্রষ্টব্য। পৃষ্ঠা-২৭৯

অতঃপর 'খ' হতে পাই,  $S = \frac{\pi r^2}{\sin \alpha}$

$$\therefore V : S = \frac{\pi r^3}{3 \tan \alpha} : \frac{\pi r^2}{\sin \alpha} = r : 3 \tan \alpha \frac{1}{\sin \alpha}$$

$$= r : 3 \frac{\sin \alpha}{\cos \alpha} \frac{1}{\sin \alpha}$$

$$= r \cos \alpha : 3 \text{ (প্রমাণিত)}$$

প্রশ্ন ১৭ একটি ঘনকাকৃতি কাঠামোর উপর দুই চালবিশিষ্ট একটি গুদামঘর তৈরি করা হলো এবং ৪৪ মি. পরিধিবিশিষ্ট একটি গোলক ঘনকটির ভিতর ঠিকভাবে এঁটে যায়। চালের প্রতিটি অংশের প্রস্থ ১৬ মি.

[কুমিল্পা ক্যাডেট কলেজ, কুমিল্পা]

ক. ১৫ সে.মি. দৈর্ঘ্য ও ৩ সে.মি. ব্যাসার্ধবিশিষ্ট একটি ক্যাপসুলের সমগ্রতলের ক্ষেত্রফল নির্ণয় কর। ২

খ. ঘনকটির অনধিকৃত অংশের আয়তন নির্ণয় কর। ৪

গ. গুদাম ঘরটির আয়তন নির্ণয় কর। ৪

#### ১৭ নং প্রশ্নের সমাধান

ক পাঠ্যবইয়ের অধ্যায়-১৩ এর উদাহরণ-৯ দ্রষ্টব্য। পৃষ্ঠা- ২৮০

খ দেওয়া আছে, গোলকটির পরিধি ৪৪ মি.

ধরি, গোলকটির ব্যাসার্ধ  $r$  মিটার

শর্তমতে,  $2\pi r = 44$

$$\text{বা, } r = \frac{44}{2\pi} = \frac{44}{2 \times 3.1416} = 7 \text{ মিটার}$$

$$\therefore \text{গোলকটির আয়তন} = \frac{4}{3} \pi r^3 \text{ ঘন একক}$$

$$= \frac{4}{3} \times 3.1416 \times 7^3 \text{ ঘন মিটার}$$

$$= 1436.7584 \text{ ঘন মিটার}$$

যেহেতু গোলকটি ঘনকের ভিতর ঠিকভাবে এঁটে যায়।

$$\text{সুতরাং ঘনকের বাহুর দৈর্ঘ্য} = 2 \times \text{গোলকের ব্যাসার্ধ}$$

$$= 2 \times 7 \text{ মিটার} = 14 \text{ মিটার}$$

$$\therefore \text{ঘনকটির আয়তন} = 14^3 \text{ ঘন মিটার}$$

$$= 2744 \text{ ঘন মিটার}$$

$$\therefore \text{অনধিকৃত অংশের আয়তন} = (2744 - 1436.7584) \text{ ঘন সে.মি.}$$

$$= 1307.24 \text{ ঘন মিটার (Ans.)}$$

গ 'খ' থেকে পাই,

ঘনকটির বাহুর দৈর্ঘ্য = ১৪ মিটার

এবং ঘনকটির আয়তন = ২৭৪৪ ঘন মি.

গুদামঘরটির উপরের অংশটি একটি

ত্রিভুজাকার প্রিজম যার উচ্চতা,  $h = 14$  মি.

ভূমির এক বাহুর দৈর্ঘ্য,  $b = 14$  মিটার

এবং অপর বাহুর দৈর্ঘ্য,  $a = 16$  মিটার

$$\therefore \text{প্রিজমের ভূমির ক্ষেত্রফল} = \frac{b}{4} \sqrt{4a^2 - b^2} \text{ বর্গ একক}$$

$$= \frac{14}{4} \sqrt{4 \times 16^2 - 14^2}$$

$$= 21\sqrt{23} \text{ বর্গ মিটার}$$

$$\therefore \text{প্রিজম অর্থাৎ উপরের অংশের আয়তন} = \text{ভূমির ক্ষেত্রফল} \times \text{উচ্চতা}$$

$$= 21\sqrt{23} \times 14$$

$$= 1409.97 \text{ ঘন মিটার}$$

$$\therefore \text{গুদামঘরটির আয়তন} = \text{ঘনকের আয়তন} + \text{উপরের অংশের আয়তন}$$

$$= 2744 + 1409.97$$

$$= 4153.97 \text{ ঘন মিটার (Ans.)}$$

প্রশ্ন ১৮ একটি সমবৃত্তভূমিক কোনকাকৃতি তাঁবুর ভূমির ব্যাসার্ধ ২৫ মিটার এবং উচ্চতা ৪ মিটার। [ফৌজদারহাট ক্যাডেট কলেজ, চট্টগ্রাম]

ক. তাঁবুটির হেলানো উচ্চতা নির্ণয় কর। ২

খ. তাঁবুটি স্থাপন করতে কত বর্গ মিটার জমির প্রয়োজন হবে? তাঁবুটির ভিতরের শূন্যস্থানের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. তাঁবুটির প্রতি বর্গমিটার ক্যানভাসের মূল্য ১৫০ টাকা হলে ক্যানভাস বাবদ কত খরচ হবে? ৪

#### ১৮ নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, তাঁবুর উচ্চতা,  $h = 8$  মিটার

এবং ভূমির ব্যাসার্ধ,  $r = 25$  মিটার

আমরা জানি,

হেলানো উচ্চতা,  $l = \sqrt{h^2 + r^2}$  একক

$$= \sqrt{8^2 + 25^2} \text{ মি.}$$

$$= 26.25 \text{ মি. (প্রায়) (Ans.)}$$

খ তাঁবুটি স্থাপন করতে তার তলের সমান ক্ষেত্রফল বিশিষ্ট জায়গা লাগবে যা একটি বৃত্ত।

$$\therefore \text{তাঁবুটির তলের ক্ষেত্রফল} = \pi r^2 \text{ বর্গ একক}$$

$$= 3.1416 \times 25^2 \text{ বর্গ মিটার}$$

$$= 1963.50 \text{ বর্গ মিটার (প্রায়)}$$

$$\therefore \text{তাঁবুটি স্থাপন করতে } 1963.50 \text{ বর্গমিটার জায়গা প্রয়োজন। (Ans.)}$$

আবার, তাঁবুটির ভেতরের শূন্যস্থানের পরিমাণ তাঁবুটির আয়তনের সমান।

$$\text{আমরা জানি, তাঁবুটির আয়তন} = \frac{1}{3} \pi r^2 h \text{ ঘন একক}$$

$$= \frac{1}{3} \times 3.1416 \times 25^2 \times 8 \text{ ঘন মি.}$$

$$= 5236 \text{ ঘন মিটার (প্রায়)}$$

$$\therefore \text{তাঁবুটির শূন্যস্থানের পরিমাণ } 5236 \text{ ঘন মিটার (প্রায়)। (Ans.)}$$

গ আমরা জানি, তাঁবুটির বক্রতলের ক্ষেত্রফল  $= \pi r l$  বর্গ একক

$$= 3.1416 \times 25 \times 26.25 \text{ বর্গ মিটার [ 'ক' হতে, } l = 26.25 \text{ মি.]}$$


$$= 309251.25 \text{ বর্গ মিটার (প্রায়)}$$

$\therefore$  প্রতি বর্গমিটার ক্যানভাসের মূল্য ১৫০ টাকা হলে ক্যানভাস বাবদ খরচ

$$= (2061.675 \times 150) \text{ টাকা}$$

$$= 309251.25 \text{ টাকা (প্রায়) (Ans.)}$$


প্রশ্ন ১৯



- ক. টলেমির উপপাদ্য বিবৃত কর এবং উপরের চিত্র অনুযায়ী বর্ণনা দাও। ২
- খ.  $\Delta ABD$ -এ,  $AP \perp BD$  পরিবৃত্তের ব্যাস  $AC$ । প্রমাণ কর যে,  
 $AB \cdot AD = AC \cdot AP$  ৪
- গ.  $AP$  বাহুর সাপেক্ষে  $\Delta APD$  ত্রিভুজকে ঘুরিয়ে একটি ঘনবস্তুর তৈরি করা হলো।  
 যদি  $AP = 8$  সে.মি.,  $PD = 6$  সে.মি. হয় তবে ঘনবস্তুটি তালু দিয়ে ঢাকতে কত  
 টাকা খরচ হবে? যেখানে প্রতি বর্গমিটার তালুর মূল্য 110 টাকা। ৪

**১৯ নং প্রশ্নের সমাধান**

- ক পাঠ্যবইয়ের অনুশীলনী- ৩.২ এর উপপাদ্য-৩.১২ দ্রষ্টব্য। পৃষ্ঠা- ৭৪



বিশেষ নির্বচন:  $\Delta ABD$  এ  $AP \perp BD$  এবং  $AC$  উক্ত পরিবৃত্তের ব্যাস।  
 প্রমাণ করতে হবে যে,  $AB \cdot AD = AC \cdot AP$

অঙ্কন: B, C যোগ করি।

প্রমাণ: একই চাপ AB এর জন্য  $\angle ACB$  ও  $\angle ADB$  বা  $\angle ADP$   
 বৃত্তাংশস্থিত কোণ।  $AC$  বৃত্তের ব্যাস বলে  $\angle ABC$  অর্ধবৃত্তস্থ কোণ এবং  
 $BD$  বাহুর উপর  $AP$  লম্ব হওয়ায়  $\angle APD$  সমকোণ।

এখন,  $\Delta ABC$  ও  $\Delta ADP$  এর মধ্যে  $\angle ACB = \angle ADP$

[একই বৃত্তাংশস্থিত কোণ সমান]

$\angle ABC =$  অর্ধবৃত্তস্থ কোণ  $=$  এক সমকোণ

$= \angle APD$

$\therefore$  অবশিষ্ট  $\angle BAC =$  অবশিষ্ট  $\angle PAD$

$\therefore \Delta ABC$  ও  $\Delta ADP$  সদৃশকোণী।

$\therefore \frac{AB}{AP} = \frac{AC}{AD}$

অর্থাৎ  $AB \cdot AD = AC \cdot AP$  (প্রমাণিত)

- গ  $AP$  বাহুর সাপেক্ষে  $\Delta APD$  কে ঘুরালে একটি সমবৃত্তভূমিক কোণক  
 উৎপন্ন হয়।

সুতরাং, কোণকের উচ্চতা,  $AP = 8$  সে.মি.

এবং ভূমির ব্যাসার্ধ,  $PD = 6$  সে.মি.

- $\therefore$  কোণকের তীর্যক বাহুর উচ্চতা,

$l = \sqrt{AP^2 + PD^2}$  একক

$= \sqrt{8^2 + 6^2}$  সে.মি.

$= \sqrt{64 + 36}$  সে.মি.

$= \sqrt{100}$  সে.মি.  $= 10$  সে.মি.

কোণকের বক্রপৃষ্ঠের ক্ষেত্রফল  $= \pi r l$  বর্গ একক


$= 3.1416 \times 6 \times 10$  বর্গ সে.মি.

$= 188.496$  বর্গ সে.মি.

$= 0.0188496$  বর্গ মি.

$\therefore$  মোট খরচ  $= (0.0188496 \times 110)$  টাকা  $= 2.07$  টাকা (Ans.)

**প্রশ্ন ২০**



[বিনাইদহ ক্যাডেট কলেজ, বিনাইদহ]

- ক.  $BH$  কর্ণের দৈর্ঘ্য নির্ণয় কর। ২
- খ. চিত্রের সমগ্র তলের ক্ষেত্রফল নির্ণয় কর। ৪
- গ.  $ABCD$  আয়তক্ষেত্রটিকে  $AB$  বাহুর চতুর্দিকে একবার পূর্ণ আবর্তনে যে  
 ঘনবস্তু উৎপন্ন হয় তার আয়তন নির্ণয় কর। ৪

**২০ নং প্রশ্নের সমাধান**

- ক আয়তাকার ঘনবস্তুর কর্ণ,  $BH = \sqrt{AB^2 + BC^2 + CG^2}$

বা,  $BH = \sqrt{7^2 + 4^2 + (3.5)^2}$

$\therefore BH = 8.79$  সে.মি. (প্রায়) (Ans.)

- খ ছয়টি পৃষ্ঠের ক্ষেত্রফলের সমষ্টি

$= 2(ABCD$  তলের ক্ষেত্রফল  $+ ABFE$  তলের ক্ষেত্রফল

$+ ADHE$  তলের ক্ষেত্রফল)

$= 2(7 \times 4 + 7 \times 3.5 + 4 \times 3.5)$

$= 133$  বর্গ সে.মি. (Ans.)

- গ  $ABCD$  আয়তক্ষেত্রটিকে  $AB$  বাহুর চতুর্দিকে ঘুরালে যে ঘনবস্তু উৎপন্ন  
 হয় তা সিলিন্ডার, যার উচ্চতা  $h = AB = a = 7$  সে.মি. এবং  
 ভূমির ব্যাসার্ধ,  $r = BC = 4$  সে.মি.

$\therefore$  সিলিন্ডারটির আয়তন  $= \pi r^2 h$

$= 3.1416 \times 4^2 \times 7$

$= 351.8592$  ঘন সে.মি. (প্রায়) (Ans.)

- প্রশ্ন ২১ একটি সমকোণী ত্রিভুজের অতিভুজ ও অপর দুই বাহুর সমষ্টি  
 যথাক্রমে  $h = 5$  সে.মি. ও  $s = 7$  সে.মি.। [বরিশাল ক্যাডেট কলেজ, বরিশাল]

- ক. ত্রিভুজটির অপর দুই বাহুর দৈর্ঘ্য নির্ণয় কর। ২

- খ. ত্রিভুজটি অঙ্কন কর। (বর্ণনা ও অঙ্কনের চিহ্ন আবশ্যিক) ৪

- গ. ত্রিভুজটিকে অতিভুজ ছাড়া অপর বহুভুর বাহুর চতুর্দিকে ঘোরালে যে  
 ঘনবস্তু উৎপন্ন হয় তার আয়তন ও সমগ্রতলের ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

**২১ নং প্রশ্নের সমাধান**

- ক ধরি, ত্রিভুজটির ক্ষুদ্রতম বাহুর দৈর্ঘ্য  $= x$  সে.মি.

$\therefore$  অপর বাহুর দৈর্ঘ্য  $= (7 - x)$  সে.মি.

সমকোণী ত্রিভুজের ক্ষেত্রে পিথাগোরাসের উপপাদ্য অনুসারে পাই,

$x^2 + (7 - x)^2 = 5^2$

বা,  $x^2 + 49 - 14x + x^2 = 25$

বা,  $2x^2 - 14x + 24 = 0$

বা,  $x^2 - 7x + 12 = 0$

বা,  $x^2 - 4x - 3x + 12 = 0$

বা,  $(x - 4)(x - 3) = 0$


$\therefore x = 4, 3$

$\therefore$  অপর বাহুর দৈর্ঘ্য  $= (7 - 3) = 4$  সে.মি. [যখন  $x = 3$ ]

এবং  $7 - 4 = 3$  সে.মি. যখন  $[x = 4]$

$\therefore$  ত্রিভুজটির অপর বাহুদ্বয় 3 সে.মি. ও 4 সে.মি. (Ans.)

- খ



- বিশেষ নির্বচন: মনে করি, সমকোণী ত্রিভুজের অতিভুজ  $h$  এবং অপর দুই  
 বাহুর সমষ্টি  $s$  দেওয়া আছে। ত্রিভুজটি অঙ্কন করতে হবে।

অঙ্কনের বিবরণ:

ধাপ ১: যেকোনো রশ্মি  $BX$  হতে  $s$  এর সমান করে  $BD$  অংশ কেটে নিই।

গ. পরিবৃত্তের ব্যাসকে অক্ষ ধরে ঘুরালে যে ঘনবস্তুর তৈরি হয় তা একটি ঘনকাকৃতির বাস্তব তিকভাবে এঁটে গেলে বাস্তবটির অনধিকৃত অংশের আয়তন নির্ণয় কর। ৪

#### ৭১ নং প্রশ্নের সমাধান

**ক + খ** পাঠ্যবইয়ের অনুশীলনী-৩.২ এর উপপাদ্য-৩.১০ দ্রষ্টব্য। পৃষ্ঠা-৭২

**গ** উৎপন্ন ঘনবস্তুর একটি গোলক। যার ব্যাসার্ধ,  $r = \frac{4}{2} = 2$  সে. মি.

$$\therefore \text{গোলকটির আয়তন} = \frac{4}{3}\pi r^3 \text{ ঘন একক}$$

$$= \frac{4}{3} \times 3.1416 \times 2^3$$


$$= 33.51 \text{ ঘন সে. মি.}$$

আবার, গোলকটি বাস্তবের ভিতর ঠিকভাবে এঁটে গেলে বাস্তবটির বাহুর দৈর্ঘ্য =  $2 \times 2 = 4$  সে. মি.

∴ বাস্তবটির আয়তন =  $4^3$  ঘন সে. মি. = 64 ঘন সে. মি.

∴ বাস্তবের অনধিকৃত অংশের আয়তন =  $(64 - 33.51)$  ঘন সে. মি.  
= 30.49 ঘন সে. মি. (Ans.)

প্রশ্ন ৭২



চিত্রে,  $BC = 5$  সে.মি.,  $RC = 3$  সে.মি.,  $AB = 8$  সে.মি.।

[সেন্ট মেগারী হাই স্কুল এন্ড কলেজ, ঢাকা]

ক. প্রিজমের ও পিরামিডের সমগ্রতলের ক্ষেত্রফল নির্ণয়ের সূত্র লিখ। [প্রতীক ব্যবহার করলে ব্যবহৃত প্রতীকগুলোর পরিচয় দাও।] ২

খ. উদ্দীপকের ঘনবস্তুর কর্ণের সমান ধারবিশিষ্ট একটি ধাতব ঘনককে গলিয়ে 1.8 সে.মি. ব্যাসবিশিষ্ট কতগুলো নিরেট গোলক উৎপন্ন করা যাবে তা নিকটতম পূর্ণসংখ্যা নির্ণয় কর। ৪

গ. একটি সমকোণী ত্রিভুজের সমকোণ সংলগ্ন বাহুদ্বয় যথাক্রমে  $BC$  ও  $RC$ । ত্রিভুজটিকে ক্ষুদ্রতর বাহুর চতুর্দিকে ঘোরালে যে ঘনবস্তুর উৎপন্ন হয়, তার আয়তন এবং সমগ্রতলের ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

### ৭২ নং প্রশ্নের সমাধান

ক. প্রিজমের সমগ্রতলের ক্ষেত্রফল =  $2(\text{ভূমির ক্ষেত্রফল}) + \text{পার্শ্বতলগুলোর ক্ষেত্রফল}$

$$= 2(\text{ভূমির ক্ষেত্রফল}) + \text{ভূমির পরিসীমা} \times \text{উচ্চতা}$$

পিরামিডের সমগ্রতলের ক্ষেত্রফল =  $\text{ভূমির ক্ষেত্রফল} + \text{পার্শ্বতলগুলোর ক্ষেত্রফল}$

পার্শ্বতলগুলো সর্বসম ত্রিভুজ হলে, পিরামিডের সমগ্রতলের ক্ষেত্রফল =  $\text{ভূমির ক্ষেত্রফল} + \frac{1}{2}(\text{ভূমির পরিধি} \times \text{হেলানো উচ্চতা})$

খ. চিত্রে, প্রদর্শিত আয়তাকার ঘনবস্তুর দৈর্ঘ্য,  $AB = a = 8$  সে.মি.

প্রস্থ,  $BC = b = 5$  সে.মি.

উচ্চতা,  $RC = c = 3$  সে.মি.

ঘনবস্তুর কর্ণের দৈর্ঘ্য =  $\sqrt{a^2 + b^2 + c^2}$  একক

$$= \sqrt{8^2 + 5^2 + 3^2}$$

$$= \sqrt{99}$$

$$= 9.9 \text{ সে.মি. (প্রায়)}$$

∴ ঘনকের আয়তন =  $(9.9)^3$  ঘন সে.মি. = 970.299 ঘন সে.মি.

নিরেট গোলকের ব্যাসার্ধ,  $r = \frac{1.8}{2}$  সে.মি. = 0.9 সে.মি.

∴ নিরেট গোলকের আয়তন =  $\frac{4}{3} \pi r^3$  ঘন একক

$$= \frac{4}{3} \pi \times (0.9)^3 \text{ ঘন সে.মি.}$$

$$= 3.054 \text{ ঘন সে.মি.}$$

∴ নিরেট গোলকের সংখ্যা =  $\frac{970.299}{3.054}$  টি

$$= 317.714$$

$$= 317 \text{ টি (Ans.)}$$

গ. সমকোণী ত্রিভুজের সমকোণ সংলগ্ন ক্ষুদ্রতর বাহুর চতুর্দিকে সমকোণটিকে ঘোরালে একটি সমবৃত্তভূমিক কোণক উৎপন্ন হবে যার ব্যাসার্ধ হবে বৃহত্তর বাহুর সমান। উচ্চতা হবে ক্ষুদ্রতর বাহুর সমান।

∴ উৎপন্ন কোণকের ব্যাসার্ধ,  $r = 5$  সে.মি.

এবং উচ্চতা,  $h = 3$  সে.মি.

∴ কোণকের আয়তন =  $\frac{1}{3} \pi r^2 h$

$$= \frac{1}{3} \times 3.1416 \times 5^2 \times 3 \text{ ঘন সে.মি.}$$

$$= 78.54 \text{ ঘন সে.মি. (প্রায়) (Ans.)}$$

এবং কোণকের সমগ্রতলের ক্ষেত্রফল =  $\pi r(r + l)$


$$= \pi r(r + \sqrt{h^2 + r^2})$$

$$= 3.1416 \times 5(5 + \sqrt{3^2 + 5^2}) \text{ বর্গ সে.মি.}$$

$$= 15.708(5 + 5.831) \text{ বর্গ সে.মি.}$$

= 170.133 বর্গ সে.মি. (প্রায়) (Ans.)

প্রশ্ন ৭৩



ABC এর  $AB = AC$  এবং  $AB$ ,  $BC$  ও  $AC$  এর মধ্যবিন্দু যথাক্রমে  $F$ ,  $D$  ও  $E$ । যেখানে  $AD = 8$  সে.মি. এবং  $BC = 12$  সে.মি.। [ঢাকা কলেজিয়েট স্কুল, ঢাকা]


ক. প্রমাণ কর যে,  $AD \perp BC$ . ২

খ. ভেক্টর পদ্ধতিতে দেখাও যে,  $\vec{AD} + \vec{BE} + \vec{CF} = \vec{0}$ . ৪

গ.  $AD$  বাহুকে স্থির রেখে ক্ষেত্রটিকে চারপাশে একবার ঘুরালে যে ঘনবস্তুর উৎপন্ন হয় তার আয়তন এবং সমগ্রতলের ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

### ৭৩ নং প্রশ্নের সমাধান

ক



বিশেষ নির্বচন: দেওয়া আছে,  $\triangle ABC$ -এ  $AB = AC$  এবং  $BC$  এর মধ্যবিন্দু  $D$ . প্রমাণ করতে হবে যে,  $AD \perp BC$ .

প্রমাণ: ধাপ যথার্থতা

(১)  $\triangle ABD$  ও  $\triangle ADC$ -এ  $AB = AC$  [দেওয়া আছে]  
 $BD = CD$  [D, BC এর মধ্যবিন্দু]  
এবং  $AD = AD$  [সাধারণ বাহু]  
∴  $\triangle ABD \cong \triangle ADC$  [বাহু-বাহু-উপপাদ্য]  
∴  $\angle ADB = \angle ADC$

(২)  $\angle ADB + \angle ADC = 2$  সমকোণ  
বা,  $\angle ADB + \angle ADB = 2$  সমকোণ [ধাপ (১) থেকে]

বা,  $2\angle ADB = 2$  সমকোণ

বা,  $\angle ADB = 1$  সমকোণ


∴  $AD \perp BC$  (প্রমাণিত)

খ. সৃজনশীল ১৩(গ) নং সমাধান দ্রষ্টব্য। পৃষ্ঠা-২৬৩

গ.  $AD$  বাহুকে স্থির রেখে ক্ষেত্রটিকে এর চারপাশে একবার ঘুরালে উৎপন্ন ঘনবস্তুর সমবৃত্তভূমিক কোণক।

সুতরাং, কোণকের উচ্চতা  $h = AD = 8$  সে.মি.

এবং ভূমির ব্যাসার্ধ  $r = BD = \frac{1}{2} BC = \frac{12}{2} = 6$  সে.মি.



∴ কোণকের তির্যক বাহুর উচ্চতা  $l = \sqrt{h^2 + r^2}$  একক

$$= \sqrt{8^2 + 6^2} \text{ সে.মি.}$$

$$= \sqrt{64 + 36} \text{ সে.মি.}$$

$$= \sqrt{100} \text{ সে.মি.}$$

$$= 10 \text{ সে.মি.}$$

∴ কোণকের সমগ্রতলের ক্ষেত্রফল =  $\pi r(l + r)$  বর্গ একক

$$= 3.1416 \times 6(10 + 6) \text{ বর্গ সে.মি.}$$

$$= 3.1416 \times 6 \times 16 \text{ বর্গ সে.মি.}$$

$$= 301.5936 \text{ বর্গ সে.মি. (প্রায়) (Ans.)}$$

এবং কোণকের আয়তন =  $\frac{1}{3} \pi r^2 h$  ঘন একক  
 $= \frac{1}{3} \times 3.1416 \times 6^2 \times 8$  ঘন সে.মি.  
 $= 301.5936$  ঘন সে.মি. (প্রায়) (Ans.)

**প্রশ্ন ▶ ৭৪** একটি ফাঁপা গোলকের বাইরের ব্যাস 13 সে.মি. এবং লোহার বেধ 2 সে.মি.।

- [সাইথ পয়েন্ট স্কুল এন্ড কলেজ, বারিধারা, ঢাকা]
- ক. গোলকে লোহার আয়তন নির্ণয় করো। ২  
 খ. ঐ গোলকে ব্যবহৃত লোহা গলিয়ে একটি নিরেট গোলকে পরিণত করা হলো। তার পৃষ্ঠতলের ক্ষেত্রফল কত হবে? ৪  
 গ. নিরেট গোলকটি যদি একটি ঘনক আকৃতির বাস্তব ঠিকভাবে এটে যায় তাহলে বাস্তবটির অনধিকৃত অংশের আয়তন কত? ৪

**৭৪ নং প্রশ্নের সমাধান**

সৃজনশীল ৩২ নং সমাধান দ্রষ্টব্য। পৃষ্ঠা-২৬৯

**প্রশ্ন ▶ ৭৫** A(-1, 3) ও B(5, 9) বিন্দুদ্বয়ের সংযোজক রেখা X ও Y অক্ষকে যথাক্রমে P ও Q বিন্দুতে ছেদ করে।

- [ব্রাইট স্কুল এন্ড কলেজ, ঢাকা]
- ক. AB সরলরেখার সমীকরণ নির্ণয় কর। ২  
 খ.  $\Delta OPQ$  এর ক্ষেত্রফল নির্ণয় কর। ৪  
 গ. Y অক্ষের সাপেক্ষে ত্রিভুজটিকে একপাক ঘুরালে যে ঘনবস্ত্র উৎপন্ন হয় তার সমগ্রতল ও আয়তন নির্ণয় কর। ৪

**৭৫ নং প্রশ্নের সমাধান**

ক. AB সরলরেখার সমীকরণ,  $\frac{x - (-1)}{-1 - 5} = \frac{y - 3}{3 - 9}$

বা,  $\frac{x + 1}{-6} = \frac{y - 3}{-6}$

বা,  $x + 1 = y - 3$

$\therefore x - y = -4$  (Ans.)

খ. 'ক' থেকে পাই,  $x - y = -4$


বা,  $\frac{x - y}{-4} = 1$

বা,  $\frac{x}{-4} + \frac{y}{4} = 1$

$\therefore$  P বিন্দুর স্থানাঙ্ক (-4, 0) ও Q বিন্দুর স্থানাঙ্ক (0, 4)।

আবার, মূলবিন্দুর স্থানাঙ্ক O(0, 0)।

$\Delta OPQ$  এর ক্ষেত্রফল =  $\frac{1}{2} \begin{vmatrix} 0 & 0 & -4 & 0 \\ 0 & 4 & 0 & 0 \end{vmatrix}$   
 $= \frac{1}{2} (0 + 0 + 0 - 0 + 16 - 0)$   
 $= \frac{1}{2} \times 16 = 8$  বর্গএকক (Ans.)



লেখচিত্র থেকে পাই, OP = 4 একক

OQ = 4 একক

$\therefore PQ = \sqrt{OP^2 + OQ^2} = \sqrt{4^2 + 4^2} = \sqrt{32}$

এখন, ত্রিভুজটিকে Y অক্ষের সাপেক্ষে একপাক ঘুরালে একটি সমবৃত্তভূমিক কোণক উৎপন্ন হয়। যার উচ্চতা, h = OQ = 4 একক, ব্যাসার্ধ, r = OP = 4 একক এবং হেলানো উচ্চতা, l = PQ =  $\sqrt{32}$  একক।

$\therefore$  কোণকটির সমগ্রতলের ক্ষেত্রফল =  $\pi r(r + l)$  বর্গএকক  
 $= 3.1416 \times 4(4 + \sqrt{32})$   
 $= 121.352$  বর্গএকক (প্রায়) (Ans.)

এবং আয়তন =  $\frac{1}{3} \pi r^2 h$  ঘনএকক =  $\frac{1}{3} \times 3.1416 \times (4)^2 \times 4$

= 67.021 ঘন একক (প্রায়) (Ans.)

**প্রশ্ন ▶ ৭৬** ABC ত্রিভুজের AB, BC এবং AC বাহুর দৈর্ঘ্য যথাক্রমে 4 সে.মি., 5 সে.মি. ও 3 সে.মি.। AD,  $\Delta ABC$  এর একটি মধ্যমা এবং AD  $\perp$  BC.

[মোহাম্মদপুর সরকারি উচ্চ বিদ্যালয়, ঢাকা]

- ক. পরিসীমা ব্যবহার করে  $\Delta ABC$  এর ক্ষেত্রফল নির্ণয় কর। ২  
 খ. এমন একটি বৃত্ত অঙ্কন কর যা, AB সরলরেখাকে A বিন্দুতে স্পর্শ করে এবং AB রেখার বহিঃস্থ কোন বিন্দু P দিয়ে যায়। ৪  
 গ. ABC ত্রিভুজটিকে এর ক্ষুদ্রতর বাহুর চতুর্দিকে ঘোরালে যে ঘনবস্ত্র উৎপন্ন হয় তার সমগ্রতলের ক্ষেত্রফল ও আয়তন নির্ণয় কর। ৪

**৭৬ নং প্রশ্নের সমাধান**

ক. ত্রিভুজটির পরিসীমা, P = (3 + 4 + 5) সে.মি. = 12 সে.মি.

$\therefore S = \frac{P}{2} = \frac{12}{2} = 6$  সে.মি.

$\therefore \Delta ABC$  এর ক্ষেত্রফল =  $\sqrt{6(6-3)(6-4)(6-5)}$  বর্গ সে.মি.

=  $\sqrt{6 \times 3 \times 2 \times 1}$  বর্গ সে.মি.

= 6 বর্গ সে.মি. (Ans.)

খ. পাঠ্যবইয়ের অধ্যায়-৪ এর সম্পাদ্য-৮ দ্রষ্টব্য। পৃষ্ঠা-৮৬

গ.  $\Delta ABC$  এ,

AB = 4 সে.মি.

BC = 5 সে.মি.

এবং AC = 3 সে.মি.

এখানে,  $5^2 = 4^2 + 3^2$

অর্থাৎ,  $BC^2 = AB^2 + AC^2$


$\therefore \Delta ABC$  সমকোণী এবং  $\angle A = 90^\circ$

এখন, সমকোণী ABC ত্রিভুজটিকে এর ক্ষুদ্রতর বাহু AC এর চতুর্দিকে ঘোরালে একটি সমবৃত্তভূমিক কোণক উৎপন্ন হয়। যার ভূমির ব্যাসার্ধ, r = 4 সে.মি. ও উচ্চতা, h = 3 সে.মি. এবং হেলানো উচ্চতা, l = 5 সে.মি.

$\therefore$  সমগ্রতলের ক্ষেত্রফল =  $\pi r(r + l)$  বর্গএকক  
 $= 3.1416 \times 4 \times (4 + 5)$  বর্গ সে.মি.  
 $= 113.0976$  বর্গ সে.মি.  
 $= 113.1$  বর্গ সে.মি. (প্রায়) (Ans.)

$\therefore$  কোণকের আয়তন =  $\frac{1}{3} \pi r^2 h$  ঘনএকক  
 $= \frac{1}{3} \times 3.1416 \times 4^2 \times 3$  ঘন সে.মি.  
 $= 50.2656$  ঘন সে.মি.  
 $= 50.27$  ঘন সে.মি. (প্রায়) (Ans.)

**প্রশ্ন ▶ ৭৭** চিত্রটি লক্ষ কর এবং নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:



[ঘাটাইল ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, টাঙ্গাইল]

- ক. অর্ধ-গোলকের আয়তন নির্ণয় কর। ২  
 খ. গোলকটি একটি সিলিন্ডার আকৃতির বাস্তব ঠিকভাবে এঁটে যায়। সিলিন্ডারের অনধিকৃত অংশের আয়তন কত? ৪  
 গ. গোলকটি থেকে 10 সে.মি. দৈর্ঘ্য ও 6 সে.মি. ব্যাসের কয়টি সিলিন্ডার প্রস্তুত করা যাবে? ৪

**৭৭ নং প্রশ্নের সমাধান**


ক. দেওয়া আছে, গোলকের ব্যাসার্ধ 7 সে.মি.

$\therefore$  অর্ধ-গোলকের আয়তন =  $\frac{1}{2} \times \frac{4}{3} \times 3.1416 \times 7^3$  ঘন সে.মি.  
 $= 718.379$  ঘন সে.মি. (প্রায়)

- ক. গোলকের ব্যাসার্ধ = সিলিন্ডারের ব্যাসার্ধ = 7 সে.মি.  
এবং সিলিন্ডারের উচ্চতা = গোলকের ব্যাস  
=  $(2 \times 7)$  সে.মি. = 14 সে.মি.  
 $\therefore$  গোলকের আয়তন =  $\frac{4}{3} \times 3.1416 \times 7^3$  ঘন সে.মি.  
= 1436.7584 ঘন সে.মি. (প্রায়)  
এবং সিলিন্ডারের আয়তন =  $3.1416 \times 7^2 \times 14$  ঘন সে.মি.  
= 2155.1376 ঘন সে.মি. (প্রায়)  
 $\therefore$  সিলিন্ডারের অনধিকৃত অংশের আয়তন  
=  $(2155.1376 - 1436.7584)$  ঘন সে.মি.  
= 718.3792 ঘন সে.মি. (প্রায়) (Ans.)

- গ. দেওয়া আছে, গোলকের ব্যাসার্ধ = 7 সে.মি.  
এবং সিলিন্ডারের ব্যাস = 6 সে.মি.  
 $\therefore$  ব্যাসার্ধ =  $\frac{6}{2} = 3$  সে.মি.  
এবং দৈর্ঘ্য = 10 সে.মি.  
আমরা জানি, গোলকের আয়তন =  $\frac{4}{3} \times \pi \times 7^3$  ঘন সে.মি.  
এবং সিলিন্ডারের আয়তন =  $\pi \times 3^2 \times 10$  ঘন সে.মি.  
=  $90\pi$  ঘন সে.মি.  
মনে করি,  $n$  সংখ্যক সিলিন্ডার তৈরি করা যাবে।  
তাহলে, সিলিন্ডার সমূহের আয়তন = গোলকের আয়তন  
বা,  $n \times 90\pi = \frac{4}{3} \times \pi \times 7^3$   
বা,  $n = \frac{4 \times 7^3}{3 \times 90}$   
 $\therefore n = 5.08$  (প্রায়)  
 $\therefore$  নিরেট সিলিন্ডার প্রস্তুত করা যাবে 5টি। (Ans.)

- প্রশ্ন ৭৮ নিচের চিত্রটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও:




[এস কে সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, মানিকগঞ্জ]

- ক. AB সরলরেখার ঢাল নির্ণয় কর। ২  
খ. AB এর দৈর্ঘ্য নির্ণয় কর। ৪  
গ. ত্রিভুজটিকে সমকোণ সংলগ্ন বৃহত্তর বাহুর চতুর্দিকে ঘুরানো হলে যে ঘনবস্ত্র উৎপন্ন হয় তার আয়তন নির্ণয় কর। ৪

**৭৮ নং প্রশ্নের সমাধান**

- ক. AB রেখার সমীকরণ,  
 $x + 3y - 15 = 0$   
বা,  $3y = -x + 15$   
বা,  $y = -\frac{1}{3}x + 5$   
 $\therefore$  ঢাল =  $-\frac{1}{3}$  (Ans.)

- খ. AB রেখার সমীকরণ,  $x + 3y - 15 = 0$   
বা,  $x + 3y = 15$   
বা,  $\frac{x}{15} + \frac{3y}{15} = 1$   
 $\therefore \frac{x}{15} + \frac{y}{5} = 1$   
 $\therefore A \equiv (15, 0)$  এবং  $B \equiv (0, 5)$   
 $\therefore AB = \sqrt{(15-0)^2 + (0-5)^2}$   
=  $\sqrt{225 + 25} = \sqrt{250} = 5\sqrt{10}$  একক (Ans.)



- ‘খ’ থেকে পাই,  $A \equiv (15, 0)$  এবং  $B \equiv (0, 5)$   
 $\therefore AO = 15$  একক,  $OB = 5$  একক  
এখন, ত্রিভুজটির সমকোণ সংলগ্ন বৃহত্তর বাহু AO এর চতুর্দিকে ত্রিভুজটিকে ঘুরালে একটি সমবৃত্তভূমিক কোণক উৎপন্ন হয়।  
যার উচ্চতা,  $h = AO = 15$  একক  
ব্যাসার্ধ,  $r = OB = 5$  একক  
 $\therefore$  কোণকটির আয়তন =  $\frac{1}{3} \pi r^2 h$   
=  $\frac{1}{3} \times 3.1416 \times 5^2 \times 15$   
= 392.7 ঘন একক

- প্রশ্ন ৭৯ প্রদত্ত তথ্যের আলোকে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:

[শেখ ফজিলাতুন্নেছা পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়, মাদারীপুর]

- A(2, -3), B(3, 0), C(0, 1), D(-1, -2) বিন্দু চারটি একটি বর্গের শীর্ষবিন্দু এবং ঘড়ির কাঁটার বিপরীত দিকে আবর্তিত।  
ক. ক্ষেত্রটির ক্ষেত্রফল নির্ণয় কর। ২  
খ. উক্ত বর্গক্ষেত্রটির 12 সে.মি. উচ্চতা বিশিষ্ট একটি পিরামিডের ভূমি হলে পিরামিডের সমগ্রতলের ক্ষেত্রফল নির্ণয় কর। ৪  
গ. ভেক্টরের সাহায্যে প্রমাণ কর যে, বর্গক্ষেত্রটির কর্ণদ্বয় পরস্পরকে সমদ্বিখণ্ডিত করে। ৪

**৭৯ নং প্রশ্নের সমাধান**

- ক. প্রদত্ত বর্গের শীর্ষবিন্দু চারটি A(2, -3), B(3, 0), C(0, 1) ও D(-1, -2)

$$\therefore \text{বর্গের ক্ষেত্রফল} = \frac{1}{2} \begin{vmatrix} 2 & 3 & 0 & -1 & 2 \\ -3 & 0 & 1 & -2 & -3 \end{vmatrix} \text{ বর্গ একক}$$

$$= \frac{1}{2} (0 + 3 + 0 + 3 + 9 + 0 + 1 + 4)$$

$$= \frac{1}{2} \times 20$$

$$= 10 \text{ বর্গ একক (Ans.)}$$

- খ. বর্গক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য,  $AB = \sqrt{(3-2)^2 + (0+3)^2}$   
=  $\sqrt{1^2 + 3^2} = \sqrt{10}$  সে.মি.

পিরামিডের ভূমি প্রদত্ত বর্গক্ষেত্রটি হওয়ায় ভূমির ক্ষেত্রফল = বর্গক্ষেত্রের

ক্ষেত্রফল =  $(\sqrt{10})^2$  বর্গ একক = 10 বর্গ সে.মি.

পিরামিডের ভূমির কেন্দ্রবিন্দু থেকে যেকোনো বাহুর লম্ব

দূরত্ব,  $r = \frac{\sqrt{10}}{2}$  সে.মি. = 1.58 সে.মি.

দেওয়া আছে, পিরামিডের উচ্চতা,  $h = 12$  সে.মি.


$\therefore$  ইহার যেকোনো পার্শ্বতলের হেলানো উচ্চতা

=  $\sqrt{h^2 + r^2} = \sqrt{12^2 + (1.58)^2} = 12.1$  সে.মি.

$\therefore$  পিরামিডের সমগ্রতলের ক্ষেত্রফল

$$= \left[ 10 + \frac{1}{2} (4 \times \sqrt{10}) \times 12.1 \right] \text{ বর্গ সে.মি.}$$

$$= 86.53 \text{ বর্গ সে.মি. (Ans.)}$$



মনে করি, ABCD বর্গক্ষেত্রটির AC ও BD কর্ণদ্বয় পরস্পর O বিন্দুতে ছেদ করেছে।

মনে করি,  $\vec{AO} = \vec{a}$ ,  $\vec{BO} = \vec{b}$ ,  $\vec{OC} = \vec{c}$ ,  $\vec{OD} = \vec{d}$

প্রমাণ করতে হবে যে,  $|a| = |c|$ ,  $|b| = |d|$   
 প্রমাণ:  $\vec{AO} + \vec{OD} = \vec{AD}$  এবং  $\vec{BO} + \vec{OC} = \vec{BC}$   
 যেহেতু বর্গক্ষেত্রটির বিপরীত বাহুদ্বয় পরস্পর সমান ও সমান্তরাল।  
 $\therefore \vec{AD} = \vec{BC}$   
 অর্থাৎ  $\vec{AO} + \vec{OD} = \vec{BO} + \vec{OC}$   
 বা,  $a + d = b + c$   
 অর্থাৎ  $a - c = b - d$  [উভয় পক্ষে  $-c - d$  যোগ করে]  
 এখানে,  $a$  ও  $c$  এর ধারক AC,  $\therefore a - c$  এর ধারক AC  
 $b$  ও  $d$  এর ধারক BD,  $\therefore b - d$  এর ধারক BD.  
 $a - c$  ও  $b - d$  দুইটি সমান সমান অশূন্য ভেক্টর হলে তাদের ধারক রেখা একই অথবা সমান্তরাল হবে। কিন্তু AC ও BD দুইটি পরস্পরছেদী অসমান্তরাল সরলরেখা। সুতরাং  $a - c = 0$  বা  $b - d = 0$  হতে পারে না বিধায় এদের মান শূন্য হবে।  
 $\therefore a - c = 0$  বা  $a = c$  এবং  $b - d = 0$  বা  $b = d$   
 $\therefore |a| = |c|$  এবং  $|b| = |d|$   
 অর্থাৎ বর্গক্ষেত্রটির কর্ণদ্বয় পরস্পরকে সমদ্বিখণ্ডিত করে।

**প্রশ্ন ▶ চ ০** একটি আয়তাকার ঘনবস্তুর দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত 4 : 3 এবং আয়তন 2304 ঘন সে.মি.। প্রতি বর্গ সে.মি. 10 পয়সা হিসেবে ঐ বস্তুর তলায় সীসার প্রলেপ দিতে 19.20 টাকা খরচ হয়।  
 ক. সমস্যাটিকে সমীকরণ আকারে লিখ।  
 খ. ঘনবস্তুর মাত্রাগুলো নির্ণয় কর।  
 গ. ঘনবস্তুর পৃষ্ঠের ক্ষেত্রফল নির্ণয় কর।

#### চ ০ নং প্রশ্নের সমাধান

**ক** ধরি, ঘনবস্তুর দৈর্ঘ্য =  $4x$  সে.মি.  
 প্রস্থ =  $3x$  সে.মি.  
 উচ্চতা =  $h$  সে.মি.  
 ১ম শর্তমতে,  $4x \times 3x \times h = 2304$   
 $\therefore 12x^2h = 2304$   
 ২য় শর্তমতে,  $4x \times 3x \times \frac{10}{100} = 19.20$   
 $\therefore 12x^2 = 192$   
**খ** 'ক' হতে পাই,  $12x^2 = 192$   
 বা,  $x^2 = 16$   
 $\therefore x = 4$   
 $\therefore$  দৈর্ঘ্য =  $4x = 4 \times 4 = 16$  সে.মি.  
 প্রস্থ =  $3x = 3 \times 4 = 12$  সে.মি.  
 এবং উচ্চতা =  $\frac{AvqZb}{Zjvi \hat{E} \ddot{b} \ddot{d} j} = \frac{2304}{192} = 12$  সে.মি.  
 $\therefore$  ঘনবস্তুর দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা যথাক্রমে 16, 12 ও 12 সে.মি. (Ans.)  
**গ** সিলিন্ডারের ব্যাস = 12 সে.মি.  
 $\therefore$  সিলিন্ডারের ব্যাসার্ধ,  $r = \frac{12}{2}$  সে.মি. = 6 সে.মি.  
 ধরি, সিলিন্ডারের উচ্চতা =  $h$  সে.মি.  
 $\therefore$  সিলিন্ডারের আয়তন =  $\pi r^2 h$  ঘন সে.মি.  
 প্রশ্নমতে,  
 সিলিন্ডারের আয়তন = আয়তাকার ঘনবস্তুর আয়তন  
 বা,  $\pi r^2 h = 2304$   
 বা,  $h = \frac{2304}{3.1416 \times 6^2}$   
 $\therefore h = 20.37$  সে.মি.  
 $\therefore$  সিলিন্ডারের সমগ্রতলের ক্ষেত্রফল =  $2\pi r (r + h)$   
 $= 2 \times 3.1416 \times 6 \times (6 + 20.37)$   
 $= 994.128$  বর্গ সে.মি. (প্রায়)

**প্রশ্ন ▶ চ ১** একটি স্থাপনার নিচের অংশ 4 মি. দৈর্ঘ্য আয়তাকার ঘনবস্তু ও উপরের অংশ সুষম পিরামিড। পিরামিডের ভূমির বাহুর দৈর্ঘ্য 3 মিটার এবং


উচ্চতা 4 মি. [হরমোহন সরকারি উচ্চ বিদ্যালয়, চাপাইনবাবগঞ্জ, গভর্নমেন্ট ল্যাবরেটরী হাই স্কুল, ময়মনসিংহ]

ক. যৌগিক ঘনবস্তু বলতে কী বুঝ উদাহরণসহ বুঝিয়ে দাও।  
 খ. স্থাপনাটির আয়তন নির্ণয় কর।  
 গ. স্থাপনাটিতে যদি প্রতি বর্গমিটার রং করতে 100 টাকা খরচ হয়, তবে স্থাপনাটির সমগ্রতলে রং করতে কত খরচ হবে নির্ণয় কর।

#### চ ১ নং প্রশ্নের সমাধান

**ক** দুইটি ঘনবস্তুর সমন্বয়ে গঠিত ঘনবস্তুকে যৌগিক ঘনবস্তু বলে।  
 উদাহরণ: ক্যাপসুল। এটি দুইটি অর্ধগোলক ও একটি সমবৃত্ত ভূমিক সিলিন্ডারের সমন্বয়ে গঠিত।

**খ** স্থাপনার নিচের অংশ একটি আয়তাকার ঘনবস্তু।  
 যার দৈর্ঘ্য = প্রস্থ = 3 মি.  
 ও উচ্চতা = 4 মি.



$\therefore$  আয়তাকার ঘনবস্তুর আয়তন = দৈর্ঘ্য  $\times$  প্রস্থ  $\times$  উচ্চতা  
 $= 3 \times 3 \times 4 = 36$  ঘন মিটার

স্থাপনার উপরের অংশ একটি সুষম পিরামিড।  
 যার ভূমির বাহুর দৈর্ঘ্য = 3 মি. এবং উচ্চতা = 4 মিটার  
 $\therefore$  পিরামিডের ভূমির ক্ষেত্রফল =  $3^2 = 9$  বর্গ মি.

$\therefore$  পিরামিডের আয়তন = ভূমির ক্ষেত্রফল  $\times$  উচ্চতা  
 $= 9 \times 4 = 36$  ঘন মিটার

$\therefore$  স্থাপনাটির আয়তন =  $36 + 36 = 72$  ঘনমিটার (Ans.)

**গ** স্থাপনাটির নিচের আয়তাকার অংশের সমগ্রতলের ক্ষেত্রফল =  $2(3 \times 3 + 3 \times 4 + 3 \times 4)$  বর্গ মিটার  
 $= 66$  বর্গ মিটার

পিরামিডের ভূমির পরিসীমা =  $4 \times 3 = 12$  মিটার

পিরামিডের ভূমির কেন্দ্র হতে যেকোনো বাহুর লম্বদূরত্ব =  $\frac{3}{2} = 1.5$  মিটার

$\therefore$  হেলানো উচ্চতা =  $\sqrt{4^2 + (1.5)^2}$   
 $= 4.272$  মিটার

$\therefore$  পিরামিডের সমগ্রতলের ক্ষেত্রফল = ভূমির ক্ষেত্রফল +  $\frac{1}{2}$   
 (ভূমির পরিসীমা  $\times$  হেলানো উচ্চতা)

$= 3 \times 3 + \frac{1}{2} (12 \times 4.272)$


$= 9 + 25.632 = 34.632$  বর্গ মিটার

কিন্তু পিরামিডের ভূমি ও আয়তাকার ঘনবস্তুর উপরিতল পরস্পর সংযুক্ত যার ক্ষেত্রফল =  $9 + 9 = 18$  বর্গমিটার

$\therefore$  সমগ্র স্থাপনাটির পৃষ্ঠতলের ক্ষেত্রফল =  $(66 + 34.632 - 18)$  বর্গ মি.  
 $= 82.632$  বর্গ মিটার

$\therefore$  মোট খরচ =  $82.632 \times 100$  টাকা  
 $= 8263.2$  টাকা (Ans.)

#### প্রশ্ন ▶ চ ২



চিত্রের ঘনকটির মধ্যে একটি লোহার গোলক ঠিকভাবে ঐঁকে যায়। ঘনকের কর্ণের দৈর্ঘ্য  $2\sqrt{3}$  সে.মি.। [রাজশাহী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, রাজশাহী]

ক. ঘনকটির এক ধারের দৈর্ঘ্য  $2r$  একক হলে, গোলক ও ঘনকের আয়তনের অনুপাত নির্ণয় কর।  
 খ. গোলকটির পৃষ্ঠতলের ক্ষেত্রফল ও আয়তন নির্ণয় কর।

গ. গোলকটিকে গলিয়ে 0.1 সে.মি. ব্যাসার্ধের একটি তার তৈরি করা হলো। তারটির দৈর্ঘ্য কত? 8

**৮২ নং প্রশ্নের সমাধান**

**ক** দেওয়া আছে ঘনকটির একধারের দৈর্ঘ্য  $2r$  একক  
 $\therefore$  ঘনকের আয়তন  $= (2r)^3$  ঘন একক  $= 8r^3$  ঘন একক  
 আবার, ঘনকটির মধ্যে গোলকটি ঠিকভাবে এঁটে যায়।  
 $\therefore$  গোলকের ব্যাস  $=$  ঘনকের ধার  $= 2r$  একক  
 $\therefore$  গোলকের ব্যাসার্ধ  $= \frac{2r}{2} = r$  একক  
 $\therefore$  গোলকের আয়তন  $= \frac{4}{3} \pi r^3$  ঘন একক  
 $\therefore$  গোলক ও ঘনকের আয়তনের অনুপাত  
 $= \frac{4}{3} \pi r^3 : 8r^3 = 4\pi r^3 : 24r^3 = \pi : 6$  (Ans.)

**খ** ঘনকের এক বাহুর দৈর্ঘ্য  $a$  একক হলে কর্ণের দৈর্ঘ্য  $\sqrt{3}a$  একক  
 প্রশ্নমতে,  $\sqrt{3}a = 2\sqrt{3}$   
 $\therefore a = 2$   
 $\therefore$  গোলকের ব্যাস  $= 2$  সে.মি.  
 $\therefore$  গোলকের ব্যাসার্ধ  $= \frac{2}{2} = 1$  সে.মি.  
 $\therefore$  গোলকের পৃষ্ঠতলের ক্ষেত্রফল  $= 4 \times \pi \times 1^2$  বর্গ সে.মি.  
 $= 12.57$  বর্গ সে.মি. (Ans.)  
 এবং গোলকের আয়তন  $= \frac{4}{3} \times \pi \times 1^3$  ঘন সে.মি.  
 $= 4.19$  ঘন সে.মি. (Ans.)

**গ** 'খ' হতে পাই, গোলকের আয়তন  $= 4.19$  ঘন সে.মি.  
 দেওয়া আছে, তারের ব্যাসার্ধ  $= 0.1$  সে.মি.  
 ধরি, তারের দৈর্ঘ্য  $= h$  সে.মি.  
 প্রশ্নমতে,  $\pi \times (0.1)^2 \times h = 4.19$   
 বা,  $h = \frac{4.19}{\pi \times (0.1)^2}$   
 $\therefore h = 133.37$   
 $\therefore$  তারের দৈর্ঘ্য  $133.37$  সে.মি. (Ans.)

**প্রশ্ন ৮৩** উদ্দীপকের আলোকে নিচের প্রশ্নগুলির উত্তর দাও :  
 $5x + 4y = 20$  রেখাটি  $x$  ও  $y$  অক্ষকে A ও B বিন্দুতে ছেদ করে। আবার,  
 $(k^2, 2k)$  বিন্দুগামী এবং  $\frac{1}{k}$  ঢাল বিশিষ্ট রেখাটি C(-2, 1) বিন্দুগামী।

[পাঁচবিবি এন.এম সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, জয়পুরহাট]

- ক. AC রেখার ঢাল নির্ণয় কর। ২  
 খ. K- এর সম্ভাব্য মান নির্ণয় কর। 8  
 গ.  $\Delta ABC$  এর উপর অবস্থিত 5 একক উচ্চতা বিশিষ্ট প্রিজমের সমগ্র তলের ক্ষেত্রফল ও আয়তন নির্ণয় কর। 8

**৮৩ নং প্রশ্নের সমাধান**

**ক** দেওয়া আছে,  $5x + 4y = 20$   
 বা,  $\frac{5x}{20} + \frac{4y}{20} = 1$   
 $\therefore \frac{x}{4} + \frac{y}{5} = 1$   
 $\therefore$  রেখাটি  $x$  অক্ষকে A(4, 0) বিন্দুতে এবং  $y$  অক্ষকে B(0,5) বিন্দুতে ছেদ করে।  
 $\therefore$  A(4, 0) ও C(-2, 1) বিন্দুগামী সরলরেখা AC এর  
 ঢাল  $= \frac{1-0}{-2-4} = -\frac{1}{6}$  (Ans.)

**খ** দেওয়া আছে, ঢাল  $m = \frac{1}{k}$   
 নির্দিষ্ট বিন্দু  $(x_1, y_1) = (k^2, 2k)$   
 $\therefore$  রেখাটির সমীকরণ,  $y - y_1 = m(x - x_1)$   
 বা,  $y - 2k = \frac{1}{k}(x - k^2)$  বা,  $y - 2k = \frac{x}{k} - k$   
 বা,  $y = \frac{x}{k} - k + 2k$   $\therefore y = \frac{x}{k} + k = \frac{1}{k}(x + k^2)$   
 যেহেতু  $y = \frac{x}{k} + k$  রেখাটি (-2, 1) বিন্দুগামী

$$\therefore 1 = \frac{-2}{k} + k \quad \text{বা, } 1 = \frac{-2+k^2}{k}$$

বা,  $k^2 - k - 2 = 0$   
 বা,  $k^2 - 2k + k - 2 = 0$   
 বা,  $k(k-2) + 1(k-2) = 0$   
 বা,  $(k-2)(k+1) = 0$   
 হয়,  $k-2 = 0$  অথবা,  $k+1 = 0$   
 $\therefore k = 2$   $\therefore k = -1$   
 $\therefore k$  এর সম্ভাব্য মান -1, 2 (Ans.)


**গ** 'ক' থেকে পাই, A(4, 0) ও B(0, 5)

দেওয়া আছে,  
 C(-2, 1) এবং প্রিজমের উচ্চতা = 5 একক  
 $AB = \sqrt{(4-0)^2 + (0-5)^2} = \sqrt{16+25} = \sqrt{41}$  একক  
 $BC = \sqrt{(0+2)^2 + (5-1)^2} = \sqrt{4+16} = 2\sqrt{5}$  একক  
 $AC = \sqrt{(4+2)^2 + (0-1)^2} = \sqrt{36+1} = \sqrt{37}$  একক

$$\Delta ABC \text{ এর ক্ষেত্রফল} = \frac{1}{2} \begin{vmatrix} 4 & 0 & -2 & 4 \\ 0 & 5 & 1 & 0 \end{vmatrix}$$

$$= \frac{1}{2} (20 + 0 - 0 - 0 + 10 - 4)$$

$$= \frac{1}{2} \times 26 = 13 \text{ বর্গ একক}$$



প্রিজমটির সমগ্রতলের ক্ষেত্রফল  $= 2 \times \Delta ABC$  এর ক্ষেত্রফল + পার্শ্বতলগুলোর ক্ষেত্রফল  
 $= [2 \times 13 + 5(\sqrt{41} + 2\sqrt{5} + \sqrt{37})]$   
 $= (26 + 5 \times 16.958)$   
 $= (26 + 84.79)$   
 $= 110.79$  বর্গ একক (Ans.)

প্রিজমটির আয়তন = ভূমির ক্ষেত্রফল  $\times$  উচ্চতা  
 $= 13 \times 5$  ঘন একক  
 $= 65$  ঘন একক (Ans.)

**প্রশ্ন ৮৪** একটি ঢাকনায়ুক্ত কাঠের বাস্ক নেয়া হলো এর দৈর্ঘ্য, প্রস্থ এবং উচ্চতা যথাক্রমে 1.8, 1.4 ও 0.8 মিটার এবং এর কাঠ 3 সে.মি. পুরু।

[সিটি রেসিডেন্সিয়াল মডেল স্কুল এন্ড কলেজ, দিনাজপুর]

- ক. কাঠের বাস্কের আয়তন নির্ণয় কর। ২  
 খ. বাস্কের সমগ্র তলের ক্ষেত্রফল কত? প্রতি বর্গমিটার 18.54 টাকা হিসেবে বাস্কের ভিতরের অংশ রং করতে কত খরচ হবে? 8  
 গ. বাস্কের দৈর্ঘ্য ও প্রস্থকে কোন আয়তক্ষেত্রের সন্নিহিত বাহুর দৈর্ঘ্য বিবেচনা করে একে বৃহত্তম বাহুর চতুর্দিকে ঘোরালে যে ঘনবস্তু উৎপন্ন হয় তার বক্রতলের ক্ষেত্রফল ও আয়তন নির্ণয় কর। 8

**৮৪ নং প্রশ্নের সমাধান**

**ক** দেওয়া আছে, বাস্কটির দৈর্ঘ্য = 1.8 মিটার  
 বাস্কটির প্রস্থ = 1.4 " " " " " "  
 বাস্কটির উচ্চতা = 0.8 "  
 $\therefore$  বাস্কটির আয়তন  $= 1.8 \times 1.4 \times 0.8$  ঘন মিটার  
 $= 2.016$  ঘন মিটার (Ans.)

**খ** বাস্কের সমগ্রতলের ক্ষেত্রফল  
 $= 2(1.8 \times 1.4 + 1.8 \times 0.8 + 1.4 \times 0.8)$  বর্গ মিটার  
 $= 2 \times 5.08$  বর্গ মিটার  
 $= 10.16$  বর্গ মিটার (Ans.)

দেওয়া আছে, কাঠের পুরুত্ব = 3 সে.মি. = 0.03 মিটার  
 বাস্কের ভিতরের অংশের দৈর্ঘ্য  $= (1.8 - 2 \times 0.03)$  মিটার = 1.74 মিটার  
 বাস্কের ভিতরের অংশের প্রস্থ  $= (1.4 - 2 \times 0.03)$  মিটার = 1.34 মিটার  
 বাস্কের ভিতরের অংশের উচ্চতা  $= (0.8 - 2 \times 0.03)$  মিটার = 0.74 মিটার

∴ বাস্তবের ভিতরের পৃষ্ঠতলের ক্ষেত্রফল  
 $= 2(1.74 \times 1.34 + 1.74 \times 0.74 + 1.34 \times 0.74)$  বর্গ মিটার  
 $= 2 \times 4.61$  বর্গ মিটার  
 $= 9.22$  বর্গ মিটার  
∴ মোট খরচ =  $9.22 \times 18.54$  টাকা = 170.94 টাকা (প্রায়) (Ans.)

**গ** উৎপন্ন ঘনবস্তুটি একটি সিলিন্ডার।  
যার উচ্চতা,  $h = 1.8$  মিটার এবং ভূমির ব্যাসার্ধ,  $r = 1.4$  মিটার  
বক্রতলের ক্ষেত্রফল =  $2\pi rh$  বর্গ একক  
 $= 2 \times 3.1416 \times 1.4 \times 1.8$  বর্গ মিটার  
 $= 15.83$  বর্গ মিটার (প্রায়) (Ans.)  
আয়তন =  $\pi r^2 h$  ঘন একক  
 $= 3.1416 \times 1.4^2 \times 1.8$  ঘন মিটার  
 $= 11.08$  ঘন মিটার (প্রায়) (Ans.)

**প্রশ্ন ▶ চ-৫** একটি নিরেট ধাতব সমবৃত্তভূমিক কোণকের উচ্চতা ৪ সে.মি.,  
ভূমির ব্যাস 12 সে.মি.। উক্ত কোণকে গলিয়ে একই উচ্চতা ও 4 সে.মি.  
ব্যাস বিশিষ্ট কয়েকটি নিরেট সিলিন্ডার তৈরি করা হলো।

[কালেক্টরেট স্কুল এন্ড কলেজ, রংপুর]

ক. কোণকের হেলানো উচ্চতা এবং আয়তন বের কর। ২  
খ. কোণকটি হতে কয়টি নিরেট সিলিন্ডার তৈরি করা যাবে? ৪  
গ. কোণকটি স্থাপন করতে কত বর্গমিটার কার্পেট প্রয়োজন হবে এবং প্রতি  
বর্গমিটার কার্পেটের মূল্য 200 টাকা হলে মোট খরচ কত হবে? ৪

#### চ-৫ নং প্রশ্নের সমাধান

**ক** দেওয়া আছে,  
কোণকের উচ্চতা,  $h = 8$  সে.মি.  
ভূমির ব্যাস = 12 সে.মি.  
∴ ব্যাসার্ধ,  $r = \frac{12}{2} = 6$  সে.মি.  
∴ হেলানো উচ্চতা,  $l = \sqrt{h^2 + r^2} = \sqrt{8^2 + 6^2}$   
 $= \sqrt{100} = 10$  সে.মি. (Ans.)  
এবং আয়তন =  $\frac{1}{3} \pi r^2 h$   
 $= \frac{1}{3} \times 3.1416 \times 6^2 \times 8$   
 $= 301.594$  ঘন সে.মি. (প্রায়) (Ans.)

**খ** 'ক' থেকে পাই,  
কোণকের আয়তন = 301.594 ঘন সে.মি.  
দেওয়া আছে,  
নিরেট সিলিন্ডারের উচ্চতা,  $h = 8$  সে.মি.  
" " ব্যাসার্ধ,  $r = \frac{4}{2} = 2$  সে.মি.  
∴ " " আয়তন =  $\pi r^2 h$   
 $= 3.1416 \times 2^2 \times 8$   
 $= 100.53$  ঘন সে.মি.  
∴ কোণকটি হতে সিলিন্ডার তৈরি করা যাবে  
 $= (301.594 \div 100.53)$  টি = 3টি (Ans.)

**গ** কোণকটির ভূমির ক্ষেত্রফল =  $\pi r^2$   
 $= 3.1416 \times 6^2$   
 $= 113.0976$  বর্গ সে.মি.  
 $= \frac{113.0976}{10000}$  বর্গ মি.  
 $= 0.01130976$  বর্গ মি.  
∴ কার্পেট লাগবে 0.0113098 বর্গ মিটার (প্রায়) (Ans.)  
প্রতি বর্গ মিটার 200 টাকা হিসেবে মোট  
খরচ হবে =  $(0.0113098 \times 200)$  টাকা  
 $= 2.26$  টাকা (প্রায়) (Ans.)

**প্রশ্ন ▶ চ-৬** একটি ফাঁপা লোহার গোলকের বাইরের ব্যাস 13 সে.মি. এবং  
লোহার বেধ 2 সে.মি.।

[অনন্দা সরকারি উচ্চ বিদ্যালয়, ব্রাহ্মণবাড়িয়া]

ক. গোলকের লোহার আয়তন কত? ২  
খ. ঐ গোলকের লোহা দিয়ে একটি নিরেট গোলক তৈরি করা হলে তার  
পৃষ্ঠতলের ক্ষেত্রফল নির্ণয় কর। ৪  
গ. নিরেট গোলকটি যদি একটি ঘনক আকৃতির বাস্তব ঠিকভাবে এটে যায়  
তবে বাস্তবটির অনধিকৃত অংশের আয়তন কত হবে? ৪

#### চ-৬ নং প্রশ্নের সমাধান

সৃজনশীল ৩২ নং সমাধান দ্রষ্টব্য। পৃষ্ঠা-২৬৯

**প্রশ্ন ▶ চ-৭** ৪ সে.মি. বাহুবিশিষ্ট একটি সুষম ষড়ভুজের উপর অবস্থিত একটি  
পিরামিডের উচ্চতা 10 সে.মি.। [কসবা সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, কসবা, ব্রাহ্মণবাড়িয়া]  
ক. সমপ্রিজম ও তীর্যক প্রিজম কাকে বলে? ২  
খ. পিরামিডের আয়তন নির্ণয় কর। ৪  
গ. একটি সুষম চতুর্ভুজের যেকোনো ধারের দৈর্ঘ্য যদি পিরামিডের বাহুর  
দৈর্ঘ্যের সমান হয় তবে এর সমপ্রতলের ক্ষেত্রফল ও আয়তন নির্ণয় কর। ৪

#### চ-৭ নং প্রশ্নের সমাধান

**ক** যে ঘনবস্তুর দুই প্রান্ত সর্বসম ও সমান্তরাল বহুভুজ দ্বারা আবদ্ধ এবং  
অন্যান্য তলগুলো সামান্তরিক তাকে প্রিজম বলে। প্রিজমের দুই প্রান্ত  
কে ইহার ভূমি এবং অন্যান্য তলগুলোকে পার্শ্বতল বলে। সবগুলো  
পার্শ্বতল আয়তাকার হলে প্রিজমটিকে খাড়া বা সমপ্রিজম এবং  
অন্যক্ষেত্রে প্রিজমটিকে তীর্যক প্রিজম বলা হয়।


**খ** দেওয়া আছে, পিরামিডের ভূমি সুষম ষড়ভুজ যার প্রতিটি বাহুর দৈর্ঘ্য ৪  
সে.মি. এবং পিরামিডের উচ্চতা,  $h = 10$  সে.মি.  
আমরা জানি,  $n$  বাহুবিশিষ্ট সুষম বহুভুজের ক্ষেত্রফল

$$= n \times \frac{a^2}{4} \cot \left( \frac{180^\circ}{n} \right) \text{ বর্গ একক [যেখানে, } a = \text{বাহুর দৈর্ঘ্য}]$$

∴ পিরামিডের ভূমির ক্ষেত্রফল =  $6 \times \frac{8^2}{4} \cot \left( \frac{180^\circ}{6} \right)$  বর্গ সে.মি. [∵  $n = 6$ ]  
 $= 6 \times 16 \times \cot 30^\circ$  বর্গ সে.মি.  
 $= 166.277$  বর্গ সে.মি.

∴ পিরামিডের আয়তন =  $\frac{1}{3} \times$  ভূমির ক্ষেত্রফল  $\times$  উচ্চতা  
 $= \frac{1}{3} \times 166.277 \times 10$  ঘন সে.মি.  
 $= 554.257$  ঘন সে.মি. (প্রায়) (Ans)

**গ** আমরা জানি,  
সুষম পিরামিডের কেন্দ্র হতে যে কোনো  
শীর্ষবিন্দুর দূরত্ব = বাহুর দৈর্ঘ্য  
∴  $OA = 8$  সে.মি. এবং  $AG = \frac{8}{2} = 4$   
সে.মি. পিরামিডের ভূমির কেন্দ্রবিন্দু  
হতে যেকোনো বাহুর লম্ব দূরত্ব  $r$  হলে,  
 $r^2 = OG^2 = 8^2 - 4^2 = 48$   
∴ ইহার যেকোনো পার্শ্বতলের হেলানো উচ্চতা



$$= \sqrt{h^2 + r^2} \text{ একক}$$

$$= \sqrt{10^2 + 48} \text{ সে.মি.} = 12.17 \text{ সে.মি. (প্রায়)}$$

প্রশ্নমতে, সুষম চতুর্ভুজের যেকোনো ধারের দৈর্ঘ্য = 12.17 সে.মি  
আমরা জানি, সুষম চতুর্ভুজ এক ধরনের পিরামিড যা চারটি সমবাহু  
ত্রিভুজ দ্বারা গঠিত।

∴ চতুর্ভুজের ভূমির ক্ষেত্রফল = সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল  
 $= \frac{\sqrt{3}}{4} \times 12.17^2$  বর্গ একক [a = বাহুর দৈর্ঘ্য]

$= 64.13$  বর্গ সে.মি.  
∴ সমপ্রতলের ক্ষেত্রফল =  $4 \times 64.133$  বর্গ সে.মি.  
 $= 256.532$  বর্গ সে.মি. (প্রায়) (Ans.)

সুষম চতুর্ভুজের কেন্দ্র হতে যেকোনো শীর্ষবিন্দু দূরত্ব  $x$  হলে,

$$\frac{\sqrt{3}}{4} \times 12.17^2 = 3 \times \frac{12.17}{4} \sqrt{4x^2 - 12.17^2}$$

$$\text{বা, } 64.13 = 9.1275 \times \sqrt{4x^2 - 148.1}$$

∴  $x = 7.03$  সে.মি. (প্রায়)

চতুর্ভুজের উচ্চতা H হলে,

$$12.17^2 = 7.03^2 + H^2$$

$$\text{বা, } H^2 = 12.17^2 - 7.03^2$$

$$\therefore H = 9.934 \text{ সে.মি. (প্রায়)}$$

$$\therefore \text{চতুর্ভুজের আয়তন} = \frac{1}{3} \times \text{ভূমির ক্ষেত্রফল} \times \text{উচ্চতা}$$

$$= \frac{1}{3} \times 64.13 \times 9.934 \text{ ঘন সে.মি.}$$

$$= 212.36 \text{ ঘন সে.মি. (প্রায়) (Ans.)}$$

**প্রশ্ন ▶ চ৮** একটি ক্যাপসুলের দৈর্ঘ্য 15 সে.মি.। ইহার সিলিন্ডার আকৃতির অংশের ব্যাসার্ধ 3 সে.মি.। একটি কোণকের উচ্চতা ও ব্যাসার্ধ যথাক্রমে ক্যাপসুলের দৈর্ঘ্য ও সিলিন্ডারের ব্যাসার্ধের সমান।

[সেন্ট পঙ্গসিডস স্কুল এন্ড কলেজ, চট্টগ্রাম]

ক. কোণকের আয়তন নির্ণয় কর। ২

খ. ক্যাপসুলের সমগ্রতলের ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

গ. ক্যাপসুলটিকে গলিয়ে একটি গোলকে পরিণত করা হল। গোলকের ব্যাসার্ধ নির্ণয় কর। ৪

#### চ৮ নং প্রশ্নের সমাধান

**ক** দেওয়া আছে, কোণকের উচ্চতা,  $h =$  ক্যাপসুলের দৈর্ঘ্য  $= 15$  সে.মি.  
কোণকের ব্যাসার্ধ,  $r =$  ক্যাপসুলের সিলিন্ডার আকৃতির অংশের ব্যাসার্ধ  $= 3$  সে.মি.

$$\therefore \text{কোণকের আয়তন} = \frac{1}{3} \pi r^2 h$$

$$= \frac{1}{3} \times 3.1416 \times 3^2 \times 15$$

$$= 141.372 \text{ ঘন সে.মি. (প্রায়) (Ans.)}$$

**খ** পাঠ্যবইয়ের অধ্যায়-১৩ এর উদাহরণ-৯ দ্রষ্টব্য। পৃষ্ঠা-২৮০

**গ** ক্যাপসুলটির আয়তন  $= 2 \times \frac{1}{2} \times \frac{4}{3} \pi r^3 + \pi r^2 l$

$$= \frac{4}{3} \times \pi \times 3^3 + \pi \times 3^2 \times 9 \text{ [ 'খ' হতে } l = 9 \text{ ]}$$

$$= 117\pi \text{ ঘন সে.মি.}$$

ধরি, গোলকের ব্যাসার্ধ  $r_1$  সে.মি.

প্রশ্নমতে, গোলকের আয়তন  $=$  ক্যাপসুলের আয়তন

$$\text{বা, } \frac{4}{3} \pi r_1^3 = 117\pi$$

$$\text{বা, } r_1^3 = \frac{117 \times 3}{4} = 87.75$$

$$\therefore r_1 = 4.44 \text{ সে.মি. (প্রায়) (Ans.)}$$

**প্রশ্ন ▶ চ৯** একটি আয়তাকার তাম্রপিণ্ডের দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা যথাক্রমে 11 মিটার, 10 মিটার এবং 5 মিটার।

[হযরত শাহ পরান (রাঃ) উচ্চ বিদ্যালয়, খাদিমনগর, সিলেট]

ক. তাম্রপিণ্ডের কর্ণের দৈর্ঘ্য নির্ণয় কর। ২

খ. একে গলিয়ে 40 সে.মি. ব্যাসের কতগুলো গোলক তৈরি করা যাবে? ৪

গ. আয়তাকার ঘনবস্তুর সমগ্র পৃষ্ঠের ক্ষেত্রফল ঘনকের সমগ্র পৃষ্ঠের ক্ষেত্রফলের সমান হলে ঘনকের আয়তন ও কর্ণের দৈর্ঘ্য নির্ণয় কর। ৪

#### চ৯ নং প্রশ্নের সমাধান

**ক** দেওয়া আছে, আয়তাকার তাম্রপিণ্ডের দৈর্ঘ্য,  $a = 11$  মি.

প্রস্থ,  $b = 10$  মি.

উচ্চতা,  $c = 5$  মি.

$$\therefore \text{তাম্রপিণ্ডের কর্ণের দৈর্ঘ্য} = \sqrt{a^2 + b^2 + c^2} \text{ একক}$$

$$= \sqrt{11^2 + 10^2 + 5^2} \text{ মি.}$$

$$= \sqrt{246} \text{ মি.}$$

$$= 15.684 \text{ মি. (প্রায়) (Ans.)}$$

**খ** আয়তাকার তাম্রপিণ্ডের আয়তন  $= abc$  ঘন একক

$$= 11 \times 10 \times 5 \text{ ঘন মি.}$$

$$= 550 \text{ ঘন মি.}$$

দেওয়া আছে, গোলকের ব্যাস,  $d = 40$  সে.মি.  $= 0.4$  মি.

$$\therefore \text{গোলকের ব্যাসার্ধ, } r = \frac{0.4}{2} = 0.2 \text{ মি.}$$

$$\therefore \text{গোলকের আয়তন} = \frac{4}{3} \pi r^3 \text{ ঘন একক}$$

$$= \frac{4}{3} \times 3.1416 \times 0.2^3 \text{ ঘন মি.}$$

$$= 0.0335104 \text{ ঘন মি (প্রায়)}$$

ধরি,  $x$  সংখ্যক গোলক তৈরি করা যাবে।

$$\text{প্রশ্নমতে, } x \times 0.0335104 = 550$$

$$\therefore x = \frac{550}{0.0335104} = 16412.81513 \approx 16412 \text{ টি (Ans.)}$$

**গ** আয়তাকার তাম্রপিণ্ডের সমগ্রতলের ক্ষেত্রফল

$$= 2(ab + bc + ca) \text{ বর্গ একক}$$

$$= 2(11 \times 10 + 10 \times 5 + 5 \times 11) \text{ বর্গ মি.}$$

$$= 430 \text{ বর্গ মি.}$$

ধরি, ঘনকের ধারের দৈর্ঘ্য  $a$  মি.

$$\text{প্রশ্নমতে, } 6a^2 = 430$$

$$\text{বা, } a^2 = \frac{430}{6}$$

$$\therefore a = 8.47 \text{ মি. (প্রায়)}$$

$$\therefore \text{ঘনকের আয়তন} = a^3 \text{ ঘন একক} = (8.47)^3$$

$$= 607.645 \text{ ঘন মি. (প্রায়) (Ans.)}$$

$$\text{ঘনকের কর্ণের দৈর্ঘ্য} = a\sqrt{3}$$

$$= 8.47 \times \sqrt{3}$$

$$= 14.67 \text{ মি. (প্রায়) (Ans.)}$$

**প্রশ্ন ▶ ৯০** একটি গোলক আকৃতির বল সিলিন্ডার আকৃতির বাস্তবে ঠিকমতো

এঁকে যায়। বাস্তবটির অনধিকৃত অংশের আয়তন  $89 \frac{5}{8}$  ঘন সে.মি.।

[আল-আমিন জামেয়া ইসলাম উচ্চ বিদ্যালয়, সিলেট]

ক. গোলকের আয়তন এবং সিলিন্ডারের আয়তনের অনুপাত নির্ণয় কর। ২

খ. বলটির পরিধি কত? ৪

গ. সিলিন্ডারের বক্রতলের ক্ষেত্রফল, সমগ্র তলের ক্ষেত্রফল এবং আয়তন নির্ণয় কর। ৪

#### ৯০ নং প্রশ্নের সমাধান

**ক** এখানে, গোলক এবং সিলিন্ডার উভয়ের ব্যাসার্ধ একই হবে।

ধরি, ব্যাসার্ধ  $= r$

$$\text{এখন, গোলকের আয়তন} = \frac{4}{3} \pi r^3$$

$$\text{সিলিন্ডারের আয়তন} = \pi r^2 h$$

এখানে, সিলিন্ডারের উচ্চতা,  $h =$  গোলকের ব্যাস  $= 2r$

$$\therefore \text{সিলিন্ডারের আয়তন} = \pi r^2 \cdot 2r = 2\pi r^3$$

$$\text{গোলকের আয়তন} : \text{সিলিন্ডারের আয়তন} = \frac{4}{3} \pi r^3 : 2\pi r^3$$

$$= 4 : 6$$

$$= 2 : 3 \text{ (Ans.)}$$

**খ** প্রশ্নমতে,  $2\pi r^3 - \frac{4}{3} \pi r^3 = 89 \frac{5}{8}$

$$\text{বা, } \frac{2\pi r^3}{3} = 89.625$$

$$\text{বা, } r^3 = 42.79$$

$$\therefore r = 3.498$$

$$\therefore \text{গোলকের পরিধি} = 2\pi \times 3.498 = 21.98 \text{ সে. মি. (প্রায়) (Ans.)}$$

**গ** সিলিন্ডারের বক্রতলের ক্ষেত্রফল  $= 2\pi r h = 2\pi r(2r)$

$$= 4\pi r^2 = 4 \times 3.1416 \times (3.498)^2$$

$$= 153.76 \text{ বর্গ সে. মি. (প্রায়) (Ans.)}$$

$$\text{সমগ্রতলের ক্ষেত্রফল} = 2\pi r(r + h) = 2\pi r(r + 2r)$$


$$= 2\pi r \times 3r = 6\pi r^2 = 6 \times 3.1416 \times (3.498)^2$$

$$= 230.64 \text{ বর্গ সে. মি. (প্রায়) (Ans.)}$$

$$\text{এবং আয়তন} = \pi r^2 h = \pi \cdot r^2 \cdot (2r) = 2\pi r^3 = 2 \times 3.1416 \times (3.498)^3$$

$$= 268.93 \text{ ঘন সে. মি. (প্রায়) (Ans.)}$$

**প্রশ্ন ▶ ৯১**




চিত্রে  $\angle ABC = 90^\circ$ ,  $AB = 8$  সে.মি. এবং  $BC = 5$  সে.মি.

[উদয়ন মাধ্যমিক বিদ্যালয়, বরিশাল]

- ক.  $\triangle ABC$  এর পরিসীমা কত?  
খ.  $\triangle ABC$  কে  $AB$  এর চারদিকে ঘুরালে যে ঘনবস্তু উৎপন্ন হয় তার সমগ্রতলের ক্ষেত্রফল নির্ণয় কর।  
গ.  $AB$  ও  $BC$  বাহু বিশিষ্ট আয়তক্ষেত্রের বৃহত্তম বাহুর চতুর্দিকে একবার পূর্ণ ঘূর্ণনে যে ঘনবস্তু উৎপন্ন হয় তার আয়তন নির্ণয় কর।

**৯১ নং প্রশ্নের সমাধান**

ক



দেওয়া আছে,

$AB = 8$  সে.মি.,  $BC = 5$  সে.মি.

এবং  $\angle ABC = 90^\circ$

$\therefore$  পিথাগোরাসের সূত্রানুসারে

$$AC^2 = AB^2 + BC^2 \\ = 8^2 + 5^2 = 89$$

$$\therefore AC = \sqrt{89} \\ = 9.43 \text{ (প্রায়)}$$

$$\therefore \triangle ABC \text{ এর পরিসীমা} = AB + BC + AC \\ = (8 + 5 + 9.43) \text{ সে.মি.} \\ = 22.43 \text{ সে.মি. (প্রায়) (Ans.)}$$


খ

$\triangle ABC$  কে  $AB$  এর চারদিকে ঘুরালে কোণক উৎপন্ন হয় যার ভূমির ব্যাসার্ধ,  $r = BC = 5$  সে.মি.

এবং হেলানো উচ্চতা,  $l = AC = 9.43$  সে.মি.

$$\therefore \text{কোণকের সমগ্রতলের ক্ষেত্রফল} = \pi r(r + l) \text{ বর্গ একক} \\ = \pi \times 5 (5 + 9.43) \text{ বর্গ সে.মি.} \\ = 5 \times 3.1416 \times 14.43 \text{ বর্গ সে.মি.} \\ = 226.67 \text{ বর্গ সে.মি. (প্রায়) (Ans.)}$$

গ



$AB$  ও  $BC$  বাহু বিশিষ্ট আয়তক্ষেত্রের বৃহত্তম বাহু অর্থাৎ  $AB$  বাহুর চতুর্দিকে একবার ঘুরালে সিলিন্ডার উৎপন্ন হয় যার

ভূমির ব্যাসার্ধ,  $r = BC = 5$  সে.মি. এবং উচ্চতা  $h = AB = 8$  সে.মি.

$$\therefore \text{উৎপন্ন সিলিন্ডারের আয়তন} = \pi r^2 h \text{ ঘন একক} \\ = \pi \times 5^2 \times 8 \text{ ঘন সে.মি.} \\ = 628.32 \text{ ঘন সে.মি. (প্রায়) (Ans.)}$$